# ঈশ্বর আপনাকে ভালবাসেন।



Bengali / Bangladesh

# ঈশ্বর তোমাকে ভাল বাসেন

কার্মেল আর ফিল্ড

GOD LOVES YOU

কবিতায় প্রার্থনা
এল, জেঠার ওয়াকার

আই, সি, আই প্রধান কার্যালয়ের কর্মীবৃন্দের
সহযোগিতায় সংশোধিত ও পরিবর্দ্ধিত

ইন্টারন্যাশনাল করস্‌পন্ডেস ইনষ্টিটিউট
৪০১/১ নিউ ইস্কাটন, ঢাকা-২ পোষ্ট বক্স-৭০০

সম্পাদনায় ও প্রকাশনায় ঃ
সাইলাস এম, নাথ
অনুবাদ ঃ রনজিত হালদার
আই, সি, আই,
পোষ্ট বক্স্ - ৭০০
ঢাকা।

সর্বস্বত্ব সংরক্ষিত
ছাপা ১০,০০০ কপি
১৫ই সেপ্টেম্বর, ১৯৮৫ ইং

মুদ্রণ তত্ত্বাবধানে ঃ
লিম্কো প্রসেস
৬, বাংলাবাজার, ঢাকা।

@ All Rights Reserved
International Correspondence Institute
Brussels, Belgium
D/1985/2145/174

মুদ্রণে ঃ দি কার্টনস্ লিমিটেড
টঙ্গী, ঢাকা।

# সূচী পত্র


পাঠ পৃষ্ঠা

১। ঈশ্বর তোমাকে জানেন ও ভালবাসেন ------------------- ৭

২। যে জগতে তুমি বাস কর ঈশ্বর তা সৃষ্টি করেছেন -------১১

৩। ঈশ্বর তোমাকে সৃষ্টি করেছেন --------------------------১৫

৪। ঈশ্বর তোমাকে ভাল হতে সাহায্য করবেন---------------১৯

৫। তুমি অন্যের সংগে কিরূপ ব্যবহার কর ঈশ্বর তা দেখেন ২৩

৬। ঈশ্বর তোমাকে স্বর্গে নিয়ে যাবেন----------------------২৭

৭। ঈশ্বর তোমাকে রক্ষা করবেন ---------------------------৩১

৮। ঈশ্বর তোমার যত্ন নেবেন ------------------------------৩৫

৯। ঈশ্বর তোমার প্রার্থনা শোনেন--------------------------৩৯

১০। ঈশ্বর তোমাকে চালাবেন -------------------------------৪৩

১১। ঈশ্বর তাঁর মেষশাবককে (পুত্রকে) তোমার রক্ষার জন্য পাঠিয়েছেন -------------------------------------------৪৭

১২। ঈশ্বর তোমাকে ক্ষমা করবেন ও সাহায্য করবেন ---------৫১

১৩। ঈশ্বর তোমার সঙ্গে থাকবেন --------------------------৫৫

১৪। ঈশ্বরকে তুমি আরও ভাল ভাবে জানতে পার -----------৫৯





প্রিয় ছাত্র/ছাত্রী

ইন্টারন্যাশনাল করসপন্ডেন্স ইনষ্টিটিউটের পরিবারে তোমাকে আমন্ত্রণ জানাচ্ছি। অনেক দেশের ছেলেমেয়েরা এই একই পাঠ পড়ছে।

এমনকি তাদের অনেক পিতামাতা ও ভাইবোনেরাও এই বিষয়ে পাঠ করছেন। কিন্তু কেন? কারণ তারা অতীত কালের এইসব বিশেষ ব্যক্তিদের সম্পর্কে পড়তে ভালবাসেন।

তাছাড়া বইয়ের ছবিগুলো দেখে এবং পাঠের করণীয় কাজগুলি করতে বেশ মজা লাগে।




তোমাদের অনেকের এই পাঠ পড়তে ভাল লাগবে যেহেতু তোমরা ঈশবর সম্বন্ধে জানতে পারবে। এতে সেই লোকদের সম্বন্ধে জানতে পারবে যাদের ঈশবর ভালবাসতেন। তিনি তাদের জন্য অনেক আশ্চর্য কাজ করেছেন।

তোমরা এও দেখবে ঈশবর তোমাদের কত ভালবাসেন এবং কত আশ্চর্য কাজ তোমাদের জন্য করেন।

পাঠগুলো বুঝতে বেশ সোজা, বাইবেলে যে লোকদের বিষয়ে লেখা আছে এখানে তাই-ই আছে।

বাইবেলের সহজ অনুবাদ থেকে পদগুলো নেওয়া হয়েছে যেন তোমরা বুঝতে পার।






এই বইয়ের সংগে তোমরা ছোট আর একটি বই পাবে যার নাম হলো 'ছাত্র রেকর্ড' ঈশবর তোমাকে ভালবাসেন। যদি এটা তোমরা পেয়ে না থাকো তবে ইন্টারন্যাশনাল করসপন্ডেন্স ইনষ্টিটিউটে এই বইটি চেয়ে পত্র লিখ। ঠিকানা বইএর সামনের পাতায় আছে।




**"ঈশ্বর তোমাকে ভালবাসেন"** এই পাঠের প্রত্যেকটি বিষয় পড়ার পর তোমরা ছাত্র রেকর্ড দেখবে। ঐ পাঠের সম্বন্ধে এখানে যা করতে বলা হয় তাই করবে। কত ভাল সার্টিফিকেট তোমরা পাবে তা তোমাদের ছাত্র রেকর্ড থেকেই বুঝতে পারবে। তোমরা যদি ক্লাশের ছাত্র হয়ে কোর্সটি পড় তাহলে তোমাদের শিক্ষকই তা' বলে দেবেন।

তোমাদের পরিবারের সবাই এই বই পড়তে চাইবেন। "করতে মজা" এই ধরনের একটা অনুশীলনী ছাত্র রেকর্ড বইতে আছে। শিশু যুবক ও বয়স্ক সবাই যেন কিছু করতে পারে সে ধরণেরও কিছু তাতে আছে। 'করতে মজা' এই অংশের কেবল যেটা তোমাদের ভাল লাগে সেটাই করতে হবে।





যদি অন্যদের বইটি ব্যবহার করতে দিতে চাও তাহলে তোমার উত্তর এই বইতে না লিখে একটা কাগজে লেখ এবং ঈশ্বর তোমাকে ভালবাসেন এই পাঠের উপরে আরও ছাত্র রেকর্ড বই চেয়ে পাঠাও। পরে প্রত্যেক ছাত্র/ছাত্রী নিজের রেকর্ড বই পূরণ করার পর নিজ নিজ নামে একটা করে সার্টিফিকেট পাবে।

এই পাঠের বিষয়ে তোমাদের যদি কোন প্রশ্ন থাকে তবে তা লিখে জানাবে। 'ছাত্র রেকর্ড' বইয়ের বিষয়গুলির সংগেই এই প্রশ্নগুলি পাঠিয়ে দেবে। এ ব্যাপারে তোমাদের সাহায্য করতে পারলে আমি খুশী হব।

নিবেদক—
'তোমাদের শিক্ষক'



# ঈশ্বর তোমাকে জানেন ও ভালবাসেন।

**ঈশ্বর সম্বন্ধে এই বিষয়গুলি শেখ–**
ঈশ্বর সম্বন্ধে যে বইটি আছে তা হলো 'পবিত্র বাইবেল'। ঈশ্বর এতে তার নিজের সত্য সম্পর্কে তোমাদের কাছে প্রকাশ করে থাকেন। ঈশ্বর সর্বদা আছেন ও সর্বদা থাকবেন। ঈশ্বর সবকিছু করতে পারেন। তিনি এই জগত সৃষ্টি করেছেন। ঈশ্বর সব জায়গায় আছেন এবং সব কিছু জানেন। ঈশ্বর তোমাদের সৃষ্টি করেছেন। তিনি তোমাদের জানেন ও ভালবাসেন। ঈশ্বর মহান। যখন থেকে তোমরা তাকে জানবে, তখন থেকেই তাকে ভালবাসবে।




এই কথাগুলি বাইবেলের কথা। এগুলো ৫ বার করে জোরে পড়। "ঈশ্বর প্রেম"

আমরা তাকে ভালবাসি কারণ প্রথমে তিনি আমাদের ভালবাসলেন।
১ম যোহন ৪ : ১৬,১৯.

**এটা কি করতে পার?**
প্রত্যেক উত্তরের মাঝে যে শব্দটি বাদ গেছে তা' পূরণ কর।

১। আমরা ঈশ্বরকে কেন ভালবাসি?
কারণ তিনি প্রথ.......আমা......ভালবাসলেন।

২। কোন্ বইতে ঈশ্বরের সত্য সম্বন্ধে জানা যায়?
পবিত্র বা........।

**সঠিক উত্তর–**


১। প্রথমে ভালবাসলেন ২। বাইবেল।

তুমি কি শূন্যস্থানে এই শব্দগুলো পূরণ করেছ?

**ঈশ্বর কেমন তা বাইবেল থেকে জানা যায়।**
প্রত্যেক শব্দের নীচে ● বিন্দু থেকে বিন্দু পর্যন্ত ● এইভাবে একটা লাইন টানো


● **"ঈশ্বর সব সময় ছিলেন এবং সব সময় থাকবেন।"** ●

●জগৎ সৃষ্টির পূর্বে, আকাশ, মেঘমালা
সৃষ্টির পূর্বে,চাঁদ, সূর্য তারা,
সৃষ্টির পূর্বেও ঈশ্বর ছিলেন।●




ঈশ্বর যা' চান তাই করতে পারেন।
তিনি এই জগৎ সৃষ্টি করেছেন।

ঈশ্বর পাহাড় পর্বত সৃষ্টি করেছেন।
তিনি নদী এবং হ্রদ সৃষ্টি করেছেন,
তিনি গাছ পালা সৃষ্টি করেছেন।
তিনি পশুপাখী, মানুষ সৃষ্টি করেছেন,
●ঈশ্বর তোমাকে সৃষ্টি করেছেন।●



বাইবেল বলে ঈশ্বর সব জায়গায় আছেন।
ঈশ্বর তোমাদের চারপাশে আছেন যেমন চারদিকের বাতাস যার দ্বারা তোমরা নিঃশ্বাস নাও, বাতাস যেমন তোমরা দেখতে পারনা তেমন ভাবে তোমাদের ঈশ্বরকেও তোমরা দেখতে পার না। কিন্তু ঈশ্বর তোমাদের দেখতে পারেন। তিনি তোমাদের কথা শুনতে পারেন। তোমাদের সংগে কথা বলতে পারেন। তিনি তোমাকেও জানেন ও ভালবাসেন।



বাইবেল বলে ঈশ্বর সব কিছু জানেন।
তোমরা যা কর ঈশ্বর সব দেখেন।
তোমরা যা বল ঈশ্বর সব শোনেন।
● তুমি কি ভাবো ও অনুভব করো ঈশ্বর তাও জানেন। ●
সর্ব বিষয়ের সত্যতা সম্বন্ধে তিনি জানেন।
বাইবেলের সত্য সম্পর্কে ঈশ্বর তোমাদের বলেন।





ঈশ্বর তোমাকে ভালবাসেন
ঠিক যেমনি ভাবে তিনি
তোমাকে সৃষ্টি করেছেন।
কারও চুল তামাটে, কারও চুল
কোকড়ানো। কারও বা সোজা।



কেউবা খাটো, কেউবা মোটা
কেউবা লম্বা, কেউবা পাতলা
কিন্তু এতে কিছু আসে যায় না
● যে যে রকম হোক না কেন, ঈশ্বর তাকে সেই ভাবেই ভালবাসেন। ●

শূন্যস্থানে তোমার নাম লিখ–
ঈশ্বর প্রেম করেন ------------------------------------------------



বাইবেল বলে ঈশ্বর মঙ্গলময়।
ঈশ্বর তোমাদের সাহায্য করতে চান।
ঈশ্বর চান যেন তোমরা ভাল হও। তিনি তোমাদের
সুখী জ্ঞানী ও সবল করতে চান।
●ঈশ্বর চান যেন তোমরা উত্তম ও অন্যের উপযোগী
হও।●

ঈশ্বরকে যখনই জানবে তখনই তাকে ভালবাসবে।
ঈশ্বর চান তোমরা যেন তাকে ভালবাস যেমন তিনি তোমাদের ভালবাসেন।

●এই পাঠগুলো তোমাদের সাহায্য করবে ঈশ্বরকে জানতে ও তাকে ভালবাসতে।●

তুমি কি ঈশ্বরকে জানতে চাও? ..........................................

তুমি কি ভাল ও সুখী হতে চাও? ..........................................

তুমি কি জ্ঞানী ও সবল হতে চাও? ..........................................

তুমি কি উত্তমরূপে অন্যের উপযোগী হতে চাও? ......................

●তুমি ঈশ্বরের সংগে কথা বলতে পার।●
তুমি যেখানে আছো ঈশ্বর ঠিক সেখানে আছেন এবং তোমার কথা শোনেন।
ঈশ্বরের সংগে কথা বলাই প্রার্থনা
এই প্রার্থনাটি শেখ এবং ঈশ্বরের কাছে বলো।



প্রার্থনা

প্রভু আমি তোমাকে জানতে চাই এবং তোমাকে
ভালবাসতে চাই, যেমন তুমি আমাকে ভালবাস।
তাই দয়া করে এই পাঠগুলো শিখতে আমাকে
সাহায্য কর এবং আমার যা করা উচিৎ তা
আমাকে বলে দাও।

**এখন তুমি এই পাঠের ছাত্র রেকর্ড হাতে নেও এবং এতে যা করতে বলা হয়েছে তাই কর।**

দ্বিতীয় পাঠ



# যে জগতে তুমি বাস কর তা ঈশ্বর সৃষ্টি করেছেন।

**ঈশ্বরের সম্বন্ধে এই বিষয়টি শেখ।**

ঈশ্বর যা করতে পারেন অন্যেরা তা করতে পারে না। তিনি সৃষ্টি করতে পারেন–যেখানে কিছুই নেই সেখানেও তিনি কিছু সৃষ্টি করতে পারেন। তিনি তোমাদের থাকার জন্য সুন্দর একটি জগৎ সৃষ্টি করেছেন। তিনি ছয় দিন কাজের ও এক দিন বিশ্রামের জন্য নিরূপণ করেছেন। আদি পুস্তকে তিনি বলেছেন কিভাবে জগৎ সৃষ্টি করেছেন। আদি পুস্তক ঈশ্বরের পবিত্র বাইবেলের প্রথম বই।




বাইবেল থেকে এই অংশটি পাঁচবার জোরে পড়।

আদিতে ঈশ্বর আকাশ মন্ডল ও পৃথিবীর সৃষ্টি করিলেন।
আদি–১ : ১

**এটা কি করতে পার?**

এই উত্তরগুলোর মধ্যে যে শব্দগুলো বাদ গেছে সেগুলো পূরণ কর।

১। ঈশ্বর কি করতে পারেন যা অন্য সবাই করতে পারে না?
ঈশ্বর সৃ......যেখানে কিছুই নেই সেখানেও তিনি কিছু সৃষ্টি করতে পারেন।

২। কোথায় তিনি বলেছেন কিভাবে তিনি জগৎ সৃষ্টি করছেন?
আ.........বা........যেটা প্রথম বই।

**সঠিক উত্তর**


১। সৃষ্টি করেন  ২। আদি পুস্তক, বাইবেল

ঈশ্বর ছয় দিনে জগৎ সৃষ্টি করলেন।
মানুষের থাকার জন্য ঈশ্বর এক সুন্দর জগৎ সৃষ্টির পরিকল্পনা করলেন।
প্রথমে পৃথিবীর কোন আকার ছিল না। রাতের গাঢ় অন্ধকারের মত ছিল এই পৃথিবী। পরে ঈশ্বর কাজ করলেন ও এর একটা রূপ দিলেন। ঈশ্বর বললেন দীপ্তি হোক। আর তেমনি হলো। তারপরে যতবার বললেন ততবার কিছু না কিছু সৃষ্টি হলো।

মনে কর তোমরা দেখছ ঈশ্বর কিভাবে জগৎ সৃষ্টি করেন।
নীচে বিন্দু হতে ● বিন্দু পর্যন্ত ● এই প্রত্যেকটি শব্দের নীচে দাগ দাও।
এগুলো বাইবেলের প্রথম অংশ–আদি পুস্তক থেকে নেয়া।

## প্রথম দিন

● ঈশ্বর বললেন "দীপ্তি হোক" ●



**ঈশ্বর দিন ও রাত সৃষ্টি করলেন।**

## দ্বিতীয় দিন

● ঈশ্বর বললেন জলের মধ্যে বিতান হোক ও জলকে দুই ভাগ করুক যাতে আকাশ ও পৃথিবী দুই ভাগে ভাগ হয়ে যায়। ●





**এইভাবে ঈশ্বর আকাশকে জল থেকে পৃথক করলেন।**

## তৃতীয় দিন



● ঈশ্বর বললেন আকাশের নীচে সব জল এক জায়গায় সমুদ্রের মাঝে জড় হোক। ●

(এইভাবে) ঈশ্বর ভূমি সমুদ্র, গাছ, ও ফুল তৈরী করলেন।


## চতুর্থ দিন



● ঈশ্বর বললেন, "আকাশে উজ্জ্বল আলো হোক।" ●

এই ভাবে ঈশ্বর সূর্য, চন্দ্র, ও তারা সৃষ্টি করলেন

## পঞ্চম দিন



● ঈশ্বর বললেন "জলে মাছ হোক ও আকাশ পাখীতে ভরে যাক"। ●

(এই ভাবে) ঈশ্বর মাছ ও পাখী সৃষ্টি করলেন।

## ষষ্ঠ দিন



● ঈশ্বর বললেন, "পৃথিবী সবরকম জীবজন্তুতে ভরে উঠুক।" ●

(এই ভাবে) ঈশ্বর সব জীবজন্তুকে সৃষ্টি করলেন।



● ঈশ্বর বললেন, আস আমরা আমাদের মত করে মানুষ নির্মাণ করি। ●

(এই ভাবে) ঈশ্বর প্রথম নর ও নারী সৃষ্টি করলেন।

তোমাদের থাকার জন্য ঈশ্বর সুন্দর একটি পৃথিবী সৃষ্টি করলেন। ঈশ্বর যা সৃষ্টি করলেন–সবকিছুর দিকে তাকালেন। দেখলেন সবই সুন্দর। পৃথিবী বেশ সুন্দর। তিনি ভারী খুশী হলেন।

ঈশ্বর ছয়দিন কাজের জন্য ও একদিন বিশ্রামের জন্য নিরূপণ করলেন।
সপ্তমদিনে ঈশ্বর বিশ্রাম নিলেন। এই সপ্তম দিনটিকে তিনি বিশ্রাম দিন রূপে নিরূপণ করলেন।
বিশ্রামবার ঈশ্বর আমাদের জন্য ঠিক করলেন।



সপ্তার ছয়দিন আমরা কাজ করি।
সপ্তম দিনে আমরা বিশ্রাম নেই।
বিশ্রামবার দিন আমরা প্রভুর গৃহে যাই।
তুমি কি প্রভুর গৃহে যাও ?

ঈশ্বরের গৃহে আমরা তার সঙ্গে কথা বলি এবং তার সম্বন্ধে কিছু শিখি।
ঘরেও আমরা তার সঙ্গে কথা বলি যখন প্রার্থনা করি।

ঈশ্বর এই সুন্দর পৃথিবী তৈরী করেছেন বলে তুমি কি আনন্দিত ?
তুমি কি তাকে ধন্যবাদ দিয়েছ যে তিনি তোমাদের সৃষ্টি করেছেন ?
এই প্রার্থনাটি শেখ ও ঈশ্বরের কাছে বলো।

প্রার্থনা
প্রভু তোমাকে ধন্যবাদ, তোমার এই পৃথিবীর জন্য, সবকিছুর জন্য, যা আমি দেখেছি, কাজের দিন ও বিশ্রামের জন্য এবং প্রভু তোমাকে ধন্যবাদ যে তুমি আমাকে সৃষ্টি করেছ।



এখন তুমি দ্বিতীয় পাঠের ছাত্র রেকর্ডটি পূরণ কর।

তৃতীয় পাঠ



# ঈশ্বর তোমাকে সৃষ্টি করেছেন

ঈশ্বর সম্পর্কে এই বিষয়গুলি শেখ–
ঈশ্বর নিজ প্রতিমূর্তিতে প্রথম নরনারী সৃষ্টি করেন। তিনি চাইলেন তাদেরকে তার নিজ সন্তানরূপে। কারণ তিনি তাঁর সন্তানদের তত্ত্বাবধান করেন। ঈশ্বর তোমাকেও চান যেন তুমি তার সন্তান হও। তুমি সুখী হবে যদি ঈশ্বর যা বলেন তা কর।




বাইবেল থেকে এই অংশ
জোরে পাঁচবার পড়।

আর সদাপ্রভু ঈশ্বর মাটির ধূলায় আদমকে
(অর্থাৎ মানুষকে )
নির্মাণ করলেন এবং তার নাকে ফুঁ
দিয়ে প্রাণবায়ু প্রবেশ করালেন,
তাতে মানুষ সজীব প্রাণী হলো। আদি ২:৭

এটা কি করতে পার ?
উত্তরগুলোর মধ্যে যে শব্দগুলো বাদ গেছে সেগুলো লেখ।

১। প্রথম মানুষের দেহ তৈরী করতে গিয়ে ঈশ্বর কি ব্যবহার করলেন?

ধূ -------মা-------।

২। ঈশ্বর তোমাকে কি হতে বলেন ?

তার স ----------------

**সঠিক উত্তর**


১। ধূলা, মাটি    ২। সন্তান


**ঈশ্বর তার প্রতিমূর্তিতে প্রথম মানুষ সৃষ্টি করেন।**

নীচে ● বিন্দু হতে ● বিন্দু পর্যন্ত এই শব্দগুলির নীচে লাইন টান।

ঈশ্বর প্রথম মানুষকে মাটির ধূলো থেকে নির্মাণ করেন।
তিনি নিজের প্রাণবায়ু তার মধ্যে প্রবেশ করান।
● এই প্রথম মানুষের নাম রাখলেন তিনি আদম। ●

আদম  দেখতে ও  শুনতে পারতো।

আদম  হাটতে ও  কথা বলতে পারতো।

আদম  কাজ করতে ও খেলতে পারতো।

আদম চিন্তা ও অনুভব করতে পারতো।
ঈশ্বর যেমন তাকে ভালবাসতেন, সেও তেমন ঈশ্বরকে ভালবাসত।
● আদম ঈশ্বরের সন্তান ছিল। ●

**ঈশ্বর আদকে ভালবেসে তার যত্ন নিলেন।**
আদমের জন্য তিনি সুন্দর এক বাগান বাড়ী বানালেন। সেই বাগানের নাম রাখলেন তিনি এদোন। যেখানে চারা গাছ ও সুন্দর সুন্দর ফুল ছিল। সবুজ মাঠে ও নদীতে ঠান্ডা জল ছিল। সুন্দর পাখী ও প্রিয় জীবজন্তু ছিল। সেখানে খাবার জন্য সুন্দর ফল ছিল। ●(অর্থাৎ) ঈশ্বর যা সৃষ্টি করেছিলেন সব কিছু বেশ সুন্দর ছিল। ● আদম সত্যিই সুন্দর এক জগতে বাস করতো।



● ঈশ্বর আদমকে কাজ করতে দিলেন । ●
নিজের হাতে তাকে কাজ করতে দিলেন ।
আদম তার সুন্দর বাগানের যত্ন নিল ।
ঈশ্বর আদমকে চিন্তার জন্য কিছু কাজ দিলেন।
আদম সব পশু পাখীর নাম রাখলো ।
ঈশ্বর তাকে সাহায্য করলেন যেন কাজগুলো ঠিক মত হয়।
● আদম খুব খুশী হলো যখন ঈশ্বরের দেওয়া কাজগুলো সে করলো। ●
আদম ঈশ্বরকে খুশী করতে চেয়েছিল এবং সে তা পেরেছিল।






ঈশ্বর প্রতিদিন বাগানে আসতেন। তিনি ও আদম একে অন্যের সংগে কথা বলতেন। তারা একে অন্যকে প্রেম করতেন।

আদম তার প্রিয় জন্তুগুলোকে ভালবাসতো। সে সুন্দর পাখীগুলোকে ভালবাসতো। ঈশ্বরের সংগে কথা বলতে তার ভাল লাগতো। কিন্তু আদমের অন্য আরও কিছুর বাসনা ছিল। ঈশ্বর জানতেন আদমের কি প্রয়োজন।
● ঈশ্বর সর্বদা তার সন্তানদের প্রয়োজন জানেন। ●

ঈশ্বর আদমকে শোয়ালেন ।
তার পাঁজর থেকে হাঁড় নিলেন ।সেই হাঁড়
থেকে তিনি এক নারীকে সৃষ্টি করলেন।
সেই নারী আদমকে সুখী করবে ও সাহায্য করবে।



ঈশ্বর আদমকে জানালেন এবং সেই নারীকে দেখালেন।
ঈশ্বর দেয়া রমণীকে আদম ভালবাসল।
আদম তার নাম রাখলো 'হবা' ।
আদমের স্ত্রী হলো (এইভাবে)
আদম ও হবা পৃথিবীর প্রথম নারী ও পুরুষ ।

আদম ও হবা দুজন একত্রে বাগানে খুব সুখী ছিল।
তাদের সুন্দর বাড়ীকে তারা ভালবাসতো।
তারা একে অন্যকে ভালবাসতো।
ঈশ্বরকেও তারা ভালবাসতো।
● তারা একত্রে ঈশ্বরের সংগে পথ চলতো ও তাঁর সংগে কথা বলতো। ●

**ঈশ্বর তোমাকেও সৃষ্টি করেছেন** এবং তিনি চান যেন তুমি তাঁর মত হও। ঈশ্বর তোমাকে আদমের মত বড় করে সৃষ্টি করেননি। তিনি প্রথমে তোমাকে শিশু হিসাবে সৃষ্টি করেছেন। তোমার দেখা শোনার জন্য তিনি বাবা মা দিলেন।
● ঈশ্বর তোমাকে ভালবাসেন যেমন করে তিনি আদমকে ভালবাসতেন। ঈশ্বর তোমারও পিতা হতে চান। ●



**ঈশ্বর চান তুমি সুখী হও।**
তোমার জন্যও কিছু কাজ আছে।
তোমার হাত ও মনের কাজ।
চেষ্টা কর তোমার কাজ ভালভাবে করতে।

চেষ্টা কর ঈশ্বরকে খুশী করতে, যেমন আদম করেছিল। ● ঈশ্বর যা তোমাকে করতে বলেন তা করলে তোমরা সুখী হবে। ●

তুমি কি চাও যে ঈশ্বর তোমার কাজে তোমাকে সাহায্য করেন। এই প্রার্থনাটি মুখস্থ কর এবং প্রতিদিন সকালে তা বল।

**প্রার্থনা**
ধন্যবাদ, প্রভু যে তুমি আমাকে খেলতে ও কাজ করতে দিয়েছ। প্রার্থনা জানাই, তুমি আমার কাজে আমাকে সাহায্য কর। আজকের দিনে যা বলি ও করি প্রতিটি কাজে তোমাকে খুশী করতে আমাকে সাহায্য কর।



**এবারে তুমি তৃতীয় পাঠের ছাত্র রেকর্ডটি পূরণ কর।**

চতুর্থ পাঠ

# ঈশ্বর তোমাকে ভাল হতে সাহায্য করবেন



**ঈশ্বর সম্বন্ধে এই বিষয়গুলি শেখ**

কোন্‌টি করা ঠিক ঈশ্বর তাঁর সন্তানদের তা শিখান। ঈশ্বরের শত্রু মানুষকে পাপ করায়। পাপ আদম ও হবাকে ঈশ্বরের কাছ থেকে বিচ্ছিন্ন করলো। ঈশ্বর তবুও যারা অন্যায় করেছে তাদের ভালবাসেন। তোমাকে কি করতে হবে, বাইবেলের দ্বারা ঈশ্বর তা বলে দেন।




বাইবেল থেকে এই অংশটি
পাঁচবার জোরে পড়।

আর ঈশ্বর আদমকে এই আদেশ দিলেন তুমি এই বাগানের সব গাছের ফল আরামে খেতে পার; কিন্তু সদাসদ জ্ঞান দায়ক যে গাছ তার ফল খেও না কারণ যেদিন এর ফল খাবে, সেই দিনই তুমি মরবে।

আদি ২:১৬,১৭

**এটা কি করতে পার ?**

সঠিক উত্তরের চারপাশে এই রকম একটা গোল চিহ্ন দাও–

১। ঈশ্বর তার সন্তানদের কি রকম দেখতে চান ? ভাল খারাপ

২। কোন্ জিনিসটি আদমকে ঈশ্বরের কাছ থেকে পৃথক করলো প্রেম/পাপ

৩। যারা অন্যায় করেছে ঈশ্বর কি এখনও তাদের ভালবাসেন ? হাঁ/না

সঠিক উত্তর–
১। ভাল ২। পাপ ৩। হাঁ

**তোমাদের শেখার জন্য কতগুলি শব্দ**

পাপ মানেই ঈশ্বরের অবাধ্য হওয়া বা অন্যায় করা।
পাপ মানুষের খারাপ কথা ও কাজের মধ্যে প্রকাশ পায়।
যা খারাপ তাই অন্যায়।
শয়তান ঈশ্বরের শত্রু–সে মানুষকে পাপ করতে সাহায্য করে।
দিয়াবলের আর এক নাম হলো শয়তান।



**যে কাজটি ঠিক তা করতে ঈশ্বর শিক্ষা দেন।**

নীচে বিন্দু ● হতে ● বিন্দু পর্যন্ত এই শব্দগুলির নীচে লম্বা দাগ দাও।

আদম ও হবা একটা পবিত্র জগতে বাস করতো। সেখানে ঈশ্বর তাদের যা দিয়েছিলেন সবই সুন্দর ছিল। আদম হবাও ভালছিল (কারণ) ঈশ্বর তাদের নিজের মত সুন্দর করে সৃষ্টি করেছিলেন।

● আদম হবাকে কি করতে হবে ঈশ্বর তা বলে দিলেন কি করতে হবে না তাও বলে দিলেন। ●
ঈশ্বর তাদের নির্দিষ্ট একটা গাছের ফল খেতে নিষেধ করলেন।
● তিনি তাদের সাবধান করে দিলেন তারা যদি ঐ ফল খায় তবে মারা যাবে। ●

ঈশ্বর আদম ও হবাকে ভালবাসতেন। তিনি চেয়েছিলেন তাদের যেটা ঠিক সেটা যেন তারা করে।
তিনি চাননি যে তারা মারা যাক্।




ঈশ্বরের শত্রু মানুষকে পাপ করায়।
ঈশ্বরের এক শত্রু আছে যার নাম দিয়াবল বা শয়তান।
ঈশ্বর ভাল কিন্তু শয়তান খারাপ।
ঈশ্বর মানুষকে ভাল হতে ও ঠিক কাজ করতে সাহায্য করেন।
দিয়াবল মানুষকে ভুল কাজ করায়।

একদিন দিয়াবল এদোন বাগানে আসলো।
হবার সাথে কথা বলার জন্য দিয়াবল একটা সাপের রূপ নিল।
সাপ হবাকে সেই ফলটি দেখিয়ে দিল,
যা ঈশ্বর তাকে খেতে বারণ করেছিলেন। দিয়াবল
হবার কাছে মিথ্যা কথা বললো। দিয়াবল বললো,
"তুমি ঐ ফল খাও তাতে তুমি মরবে না।
তুমি ঈশ্বরের মত জ্ঞানী হতে পারবে।"



● হবা জানতো ঈশ্বরের বাধ্য থাকা উচিৎ●
(তবুও) দিয়াবলের মিথ্যা কথায় সে
কান দিল। হবা কয়টি ফল খেলো যা
ঈশ্বর তাকে খেতে বারণ করেছিলেন।
হবা আদমকে তার কিছু অংশ দিল। আদমও
তা খেল। আদম ও হবা উভয়ই পাপ করলো।
ফলে ভয়ংকর একটা কিছু ঘটে গেল।







পাপ আদম ও হবাকে ঈশ্বর থেকে পৃথক করলো।
আদম ও হবা সর্বদা ঈশ্বরকে ভালবাসতো।
কিন্তু এখন তারা তাকে ভয় পাচ্ছে।
● তারা জানতে পারলো যে তারা অন্যায় করেছে।●
ঈশ্বরের কাছ থেকে তারা নিজেদেরকে গোপন
করতে চেষ্টা করলো।
তারা উলংগ হয়ে লজ্জায় মরতে লাগলো।
নিজেরা পাতার পোষাক তৈরী করলো।
কিন্তু সেই পোষাক তাদের লজ্জা ঢাকতে পারল না।





**যারা অন্যায় করেছে ঈশ্বর**
**এখনও তাদের ভালবাসেন**

● ঈশ্বরের কাছ থেকে কেউ লুকাতে পারে না। ●

আদম ও হবা কি করল ঈশ্বর তা দেখলেন। কিন্তু ঈশ্বর তবুও তাদের ভালবাসলেন। তিনি পশুর চামড়া থেকে তাদের পোষাক বানিয়ে দিলেন।

ঈশ্বর আদম হবার সঙ্গে তাদের পাপ সম্পর্কে কথা বললেন। তাদের অপরাধের জন্য ঈশ্বর বাধ্য হয়েছিলেন শাস্তি দিতে। যা ঠিক তারা যেন সেটা করে সেই শিক্ষা দিবার জন্য ঈশ্বর তাদের শাস্তি দিয়েছিলেন। এদোনের সুন্দর বাড়ী তাদের ছেড়ে যেতে হয়েছিল।

● পাপ তাদের জীবনে অসুখ পীড়া ও মৃত্যু বয়ে নিয়ে এলো। ●

কিন্তু ঈশ্বর আদম হবাকে বললেন একজন ত্রাণকর্ত্তা আসবেন। সেই ত্রাণকর্ত্তা সব কিছু আবার ঠিক করবেন।

**বাইবেলে ঈশ্বর তোমাদের বলে দেন কি করতে হবে।**
ঈশ্বর বলেন কোন্‌টা ঠিক ও কোন্‌টা ভুল।
এমন কোন কাজ কি তুমি করেছ যা ভুল বলে জানতে?

● ঈশ্বর এখনও তোমাকে ভালবাসেন ও তোমাকে সাহায্য করতে চান। ●

ঈশ্বরকে বলো যে, তোমার মন্দ কাজের জন্য তুমি দুঃখিত।
তাকে বলো যেন তিনি তোমাকে সাহায্য করেন।
তারপর তিনি যা বলেন তাই করো, তাহলে তুমি সুখী হবে।
ঘুমাবার আগে তার কাছে এই প্রার্থনা কর।

প্রার্থনা
হে প্রভু আমি দুঃখিত,
আমি সব সময় ঠিক কাজ না করে
অন্যায় কাজই করেছি, আমাকে যা তুমি
করতে বল তা করতে আমাকে সাহায্য কর।
আর এই রাত্রিতে তুমি আমাকে রক্ষা কর।



এবার চতুর্থ পাঠের ছাত্র রেকর্ডটি পূরণ কর

পঞ্চম অধ্যায়

## তুমি অন্যের সঙ্গে কিরূপ ব্যবহার কর ঈশ্বর তা' দেখেন।



### ঈশ্বর সম্পর্কে এই বিষয়গুলি শেখ

ঈশ্বর পিতা মাতাদের সাহায্য করেন যেন তারা ছেলেমেয়েদের যত্ন নেন।
অন্যের প্রতি তোমাদের কিরূপ মনোভাব ঈশ্বর তা জানেন।
যারা অন্যের প্রতি অন্যায় করে ঈশ্বর তাদের শাস্তি দেন।
ঈশ্বর চান তোমরা অন্যের প্রতি ভাল ব্যবহার কর।




বাইবেল থেকে এই অংশটি
পাঁচবার জোরে পড়।

আর কয়িন নিজের ভাই হেবলের সঙ্গে আলাপ আলোচনা করলো এবং তাকে মেরে ফেললো। পরে ঈশ্বর কয়িনকে জিজ্ঞাসা করলেন।
তোমার ভাই হেবল কোথায় ? আদি ৪:৮,৯

### এটা কি করতে পার ?

সঠিক উত্তরের চারপাশে একটা গোল চিহ্ন দাও–

১। যারা অন্যের প্রতি খারাপ ব্যবহার করে, ঈশ্বর তাদের প্রতি কি করেন? — ভূলে যান /আশীর্বাদ করেন/শাস্তি দেন।

২। অন্যের উপর রাগ হলে ঈশ্বর কি সেটা জানেন? — হাঁ/না/মাঝে মাঝে।

৩। কে তার ভাইকে খুন করলো ? — আদম/হেবল/কয়িন।

সঠিক উত্তর

১। শাস্তি দেন, ২। হাঁ ৩। কয়িন

**তোমাদের শেখার জন্য কতগুলো শব্দ**

'দান' একটি জিনিস যা মানুষ ঈশ্বরের উদ্দেশ্যে দেয়।

'উৎসর্গ' হ'লো একটা জীবন্ত বলি যা মানুষের মঙ্গল ডেকে আনে।

**ঈশ্বর পিতামাতাদের সাহায্য করেন যেন তারা ছেলেমেয়েদের যত্ন নেন।**

নীচে বিন্দু ● হতে ● বিন্দু পর্যন্ত শব্দগুলির নীচে লম্বা দাগ দাও।

আদম ও হবার অনেক সন্তান সন্ততি ছিল। তাদের প্রথম সন্তান ছিল কয়িন এবং দ্বিতীয় সন্তান হেবল। কয়িন ও হেবল তাদের প্রথম দুই সন্তান; এরা ছিল পৃথিবীতে প্রথম দুই ভাই।

আদম ও হবাকে কঠোর পরিশ্রম করতে হয়েছিল এই দুই সন্তানকে মানুষ করতে।

● ঈশ্বর এই কাজে তাদের সাহায্য করেছিলেন। ●



তাদের কৃষি কাজ করে ও তার যত্ন নিয়ে নিজেদের খাবার যোগাড় করতে হতো। তারা ছাগল, ভেড়া প্রভৃতি ও কাপড় পালন করতো যেন দুধ, মাখন চোপড় সেগুলো থেকে পেতে পারে। ● তারা তাদের সব ছেলে মেয়েদের কাজ করতে শিখিয়েছিল এবং ঈশ্বরকে ভালবাসতে শিখিয়েছিল ●

ঈশ্বর জানেন তুমি অন্যদের উপর কিরূপ ভাব পোষণ কর

কয়িন তার ভূমির সমস্ত ফল ঈশ্বরের উদ্দেশ্যে দান করলো। হেবলও তার পাপের জন্য ঈশ্বরের উদ্দেশ্যে একটি মেষ উৎসর্গ করলো।




● ঈশ্বর কয়িন, হেবল উভয়কেই ভাল বাসতেন ● তিনি তাদেরকে তার কাছে আসার পথ দেখিয়ে দিলেন। হেবল তার পাপের জন্য যে উৎসর্গ এনেছিল কয়িনেরও সেরকম আনা উচিত ছিল ঈশ্বর হেবলকে আশীর্বাদ করলেন ও তার পাপ ক্ষমা করলেন।







কয়িন ঈশ্বরের কথা শুনতে চায়নি। ●ঈশ্বর জানতেন কয়িন যদি রেগে থাকে তবে খারাপ কিছু করে বসতে পারে ● (তাই) তিনি কয়িনের সংগে কথা বললেন এবং জিজ্ঞাসা করলেন "কেন তুমি রাগ করছো?" কিন্তু কয়িন ঈশ্বরের কথায় কান দিল না। সে তার ভাইকে ঘৃণা করতে লাগলো।



ঈশ্বর জানতেন কয়িনের মনোভাব। কয়িন নিজের ইচ্ছামত চলতে চেয়েছে। হেবলকে ঈশ্বর আশীর্বাদ করার জন্য কয়িন ঈশ্বরের উপর রাগ করল। কয়িন হেবলের উপরও রাগ করল।

যারা অন্যের প্রতি খারাপ ব্যবহার করে ঈশ্বর তাদের শাস্তি দেন।

ক্ষেত্রের বাইরে একদিন সে হেবলকে বধ করলো। এটা ছিল এক মারাত্মক পাপ, কয়িন কি করেছিল ঈশ্বর তা দেখলেন।



●(তাই) ঈশ্বর বাধ্য হয়েছিলেন তাকে শাস্তি দিতে ● ঈশ্বর কয়িনকে তার পরিবারের সংগে থাকতে দিলেন না। কয়িন তার স্ত্রীকে নিয়ে অন্যত্র চলে গিয়ে সেখানে নিজে খেটে খেতে লাগলো।

ঈশ্বর চান যেন তুমি অন্যের প্রতি ভাল ব্যবহার কর।
অন্য লোককে ঘৃণা করা একটা পাপ।
মানুষের মধ্যে এই ধরনের পাপ, একে অন্যের প্রতি আঘাত হানে। তাদের মধ্যে এই ধরনের পাপ পারস্পরিক ঝগড়া বাধায় ও একে অন্যকে খুন করে।
পাপ মানুষকে একে অন্যের থেকে বিচ্ছিন্ন করে দেয়, পাপ ঘর ভাংগে।




ঈশ্বর আমাদের পাপ ক্ষমা করে আমাদেরকে ভাল করতে চান। ● তিনি আমাদের মধ্য থেকে খারাপ মনোভাব দূর করে একের প্রতি অন্যের ভালবাসা বাড়িয়ে দিতে চান। ● (তাহলে) সব সময়ের জন্য আমরা খুশী থাকবো।

তুমি কি এখনও অন্যের উপর রাগ করেছ?
তুমি কি ঈশ্বরের কাছে বলেছ এই খারাপ মনোভাব তুলে নিতে।
তুমি কি অন্যের সংগে সদ্ভাব রাখতে চাও?
এই প্রার্থনাটি মুখস্থ কর–

প্রার্থনা–
হে প্রভু, আমাকে কয়িনের মত করো না। অন্যের প্রতি ভাল ব্যবহার করতে আমাকে শিক্ষা দেও। আমার রাগের চিন্তা ও কথাগুলো তুমি ক্ষমা কর এবং আমাকে সাহায্য কর যাতে অন্যের প্রতি প্রেম, দয়া ও ভাল ভাব দেখাতে পারি।



এবারে পঞ্চম পাঠের ছাত্র রেকর্ডটি পূরণ কর।

৬ষ্ঠ পাঠ



# ঈশ্বর তোমাকে স্বর্গে নিয়ে যাবেন

ঈশ্বর সম্পর্কে এই বিষয়গুলি শেখ–
ঈশ্বর হনোককে জীবিত অবস্থায় স্বর্গে নিলেন।
তোমাদের জন্য তিনি
স্বর্গে সুন্দর বাসস্থান তৈরী করেছেন। ঈশ্বরের সংগে
চল (তাহলে)
তিনি তোমাদের স্বর্গে নেবেন।




বাইবেল থেকে এই অংশটি
পাঁচবার জোরে পড়।

হনোক ঈশ্বরের সংগে চলাফেরা করতেন। পরে তিনি আর থাকলেন না। কারণ ঈশ্বর তাকে গ্রহণ করলেন। আদি–৫ ঃ ২৪...... আমি স্বর্গের একটা দরজা খোলা দেখতে পেলাম এবং একটা আওয়াজ..... আমাকে বললো "তুমি এখানে উঠে এসো।" প্রকাশিত বাক্য ৪ ঃ ১

এটা কি করতে পার?
নীচে এইভাবে লাইন টান।
বাঁ পাশের শব্দের সংগে ডান পাশের বিষয়ের মিল দেখাও।

| | |
|---|---|
| ঈশ্বর– | ঈশ্বরের সুন্দর বাসস্থান। |
| হনোক– | চান যেন তোমরা তার সংগে চলাফেরা কর। |
| স্বর্গ | ঈশ্বরের সংগে চলাফেরা করে স্বর্গে যেতে পার। |
| তোমরা | না মরেই স্বর্গে গেলেন। |

**সঠিক উত্তর**

| | |
|---|---|
| ঈশ্বর | ঈশ্বরের সুন্দর বাসস্থান |
| হনোক | চান যেন তোমরা তার সংগে চলাফেরা কর। |
| স্বর্গ | ঈশ্বরের সংগে চলাফেরা করে স্বর্গে যেতে পার। |
| তোমরা | না মরেই স্বর্গে গেলেন। |

ঈশ্বর হনোককে জীবিত অবস্থায়ই স্বর্গে নিলেন।

নীচে বিন্দু ● হতে ● বিন্দু পর্যন্ত শব্দগুলির নীচে লম্বা দাগ দাও।



আদমের অনেক ছেলেমেয়ে ছিল এবং তাদেরও অনেক ছেলেমেয়ে ছিল। ফলে তাদের থেকেই অনেক অনেক লোক হলো।

● ঈশ্বর সকল লোকদের ভালবাসলেন ● তিনি তাদের সংগে চলতে ও কথা বলতে চাইলেন।
তাদের তিনি স্বর্গে নিয়ে যেতে চাইলেন।




কিন্তু অনেক লোক ঈশ্বরকে ভালবাসল না। তারা প্রার্থনা করল না ও ঈশ্বরের সংগে কথা বললো না।

তারা কয়িনের মত হলো। তারা চাইল নিজেদের পথ ধরে চলতে।

ঈশ্বর যা বললেন তারা তা করলো না তারা ঈশ্বরের সংগে চললো না।
● তাদের পাপ ঈশ্বরের সংগে বিচ্ছেদ ঘটাল ●




কিন্তু হনোক ঈশ্বরকে ভালবাসলেন।
হেবল যেমন ঈশ্বরের কাছে আসলো
হনোকও তাই করলেন।
তার পাপের জন্য একটা মেষকে
বলিরূপে আনলেন। হনোকের যত খারাপ কাজ ছিল ঈশ্বর
তা ক্ষমা করলেন। ঈশ্বর হনোকের পাপ তুলে নিলেন এবং
তাকে পবিত্র করলেন।




● হনোক প্রার্থনার মাধ্যমে প্রতিদিন
ঈশ্বরের সংগে কথা বলতেন। ●
● হনোক প্রতিদিন ঈশ্বরের সংগে পথ
চলতেন। ঈশ্বর যেমত বলতেন সেইমত তিনি
চলতেন। ● হনোক ঈশ্বরের সংগে চলতেন
অর্থাৎ তিনি স্বর্গের পথেই চলতেন।

ঈশ্বর ও হনোক একে অন্যকে ভালোবাসতেন।
ঈশ্বর হনোককে তার কাজের সাহায্যের জন্যে
ব্যবহার করলেন।
হনোক তার প্রতিবেশীকে ঈশ্বরের কথা বললেন।
তাদের কাছে কি বলতে হবে, হনোককে ঈশ্বর তা বলে দিলেন।
হনোক অন্যকেও ঈশ্বরের পথে আনার চেষ্টা করলেন। অনেকে
হনোকের কথা শুনল না (ফলে) কয়িনের মতই তারা পাপী রইলো।



● যারা ঈশ্বরের সংগে পথ চলে
মরলে পরে তারা স্বর্গে যায়। ●

কিন্তু ঈশ্বর হনোককে জীবিত অবস্থাই
স্বর্গে নিলেন।
ঈশ্বর হনোককে সংগে নিয়ে তার
সুন্দর বাসস্থানে গেলেন।
যেখানে সবকিছু খাঁটি
এবং যেখানে সবাই সুখী।

স্বর্গে ঈশ্বর তোমার জন্য সুন্দর বাসস্থান রেখেছেন। সেখানে এমন কেউ নেই যে তোমাকে আঘাত করবে। সেখানে তোমরা সর্বদা ভাল ও সুখে থাকবে। তোমরা কখনও অসুস্থ ও ক্ষুধার্ত হবে না বা শীতে কষ্ট পাবে না। যার যা প্রয়োজন সেই স্বর্গীয় বাসস্থানে সে তা পাবে। সেখানে তুমি সুন্দর বন্ধু পাবে।

● সবচেয়ে পরম বন্ধু সেই ঈশ্বরকে তুমি পাবে। যিনি তোমাদের ভালবাসেন এবং তোমাদের সেখানে নিয়ে যেতে চান।●



ঈশ্বরের সংগে চল। তিনি তোমাকে স্বর্গে নিয়ে যাবেন।

ঈশ্বর এক ত্রাণকর্তা পাঠিয়েছেন তোমাদের পাপ তুলে নেবার জন্য।

● সেই ত্রাণকর্তা হলেন ঈশ্বরের পুত্র যীশু। ●

তোমরা যীশুকে দেখতে পাও না কিন্তু তিনি আছেন।

ঈশ্বরের সংগে যাতে পথ চলতে পার, সেইহেতু যীশু এসেছেন।

তাকে তোমার পাপ ক্ষমা করতে বল। যীশুকে তোমার ত্রাণকর্তা হিসাবে গ্রহণ কর। প্রার্থনার মাধ্যমে ঈশ্বরের সংগে প্রতিদিন কথা বল। বাইবেলে ঈশ্বর যা তোমাকে করতে বলেন তাই কর। এই-ই হচ্ছে ঈশ্বরের সংগে পথ চলা। তিনি তোমাকে স্বর্গে নিয়ে যাবেন।

এই প্রার্থনাটি শেখ–

যীশু, তুমি আমার ত্রাণকর্তা হয়ে এস।
দয়া করে আমার পাপ (তুমি) তুলে নাও।
যাতে আমি স্বর্গে যেতে পারি।
প্রতিদিন ঈশ্বরের সংগে পথ চলতে
আমাকে সাহায্য কর।



এবারে ৬ষ্ঠ পাঠের ছাত্র রেকর্ডটি পূরণ কর।

সপ্তম পাঠ

# ঈশ্বর তোমাকে রক্ষা করবেন



ঈশ্বর সম্বন্ধে এ বিষয়গুলি শেখ।
ঈশ্বর সব মন্দ থেকে দূরে থাকেন
তিনি মানুষকে রক্ষা করতে চান
যারা তাকে মানে তিনি তাদের সবাইকে রক্ষা করেন।
ঈশ্বর তোমাকে রক্ষা করবেন।




বাইবেল থেকে এই অংশটি
পাঁচবার জোরে পড়।

ঈশ্বর......নোহকে বললেন......
একটা নৌকা তৈরী কর.......
আমি পৃথিবীকে বন্যায় প্লাবিত করতে যাচ্ছি
......তবে আমি তোমাকে জাহাজে নিরাপদে
থাকার প্রতিশ্রুতি দিচ্ছি। আদি ৬ : ১২–১৪, ১৭, ১৮

**এটা কি করতে পার ?**
যে শব্দগুলো বাদ গেছে শূন্যস্থানে সেগুলো পূরণ কর।

১। ঈশ্বর তাদের রক্ষা করেন যারা তার বা.....

২। তিনি নোহকে একটা জা...... নির্মাণ করতে বললেন।

৩। ঈশ্বর সব...... থেকে দূরে থাকবেন ও তোমাকে রাখবেন।

সঠিক উত্তর–
১। বাধ্য ২। জাহাজ ৩। মন্দ

তোমাদের জানার জন্য কতগুলো শব্দ।
নোহ যে জাহাজ নির্মাণ করলেন তার নাম হলো.......
বাধ্য হওয়া মানে একজনে যা বলে তা করা
বন্যা মানে জলের প্লাবন যা পৃথিবীকে ঢেকে ফেলে।

ঈশ্বর সব মন্দ থেকে দূরে থাকেন।
নীচে বিন্দু ● হতে ● বিন্দু পর্যন্ত শব্দগুলির নীচে লম্বা দাগ দাও।




ভাল আলুর মধ্যে যদি খারাপ আলু দেখ তখন তুমি কি করবে?

নিশ্চয়ই তুমি খারাপ আলুগুলো ফেলে দিয়ে ভাল আলুগুলো রাখবে।


তুমি যদি খারাপ আলুগুলো ফেলে না দাও তবে সেগুলো ভালগুলোকেও নষ্ট করবে।

পৃথিবীর জন্য ঈশ্বরের কিছু করণীয় ছিল।
● সবকিছু মন্দতায় ভরে যাওয়ার আগে ঈশ্বর পৃথিবীকে পরিষ্কার করতে চাইলেন।● সকল প্রকার মারামারী খুন খারাবী মিথ্যা ছল চাতুরী মন্দতা ও অন্যান্য পাপ থেকে পৃথিবীকে মুক্ত করার দরকার ছিল। ● ঈশ্বর এক নূতন পাপমুক্ত পৃথিবী গড়তে চাইলেন।● যেখানে সব মানুষ ভাল থাকবে।

ঈশ্বর মানুষকে রক্ষা করতে চান।
হনোক স্বর্গে যাবার পর লোকেরা মন্দ থেকে আরও মন্দ হতে লাগলো। সব রকম খারাপ কাজ তারা সব সময় করতো। নোহ ও তার পরিবারের লোকরা একমাত্র ভাল ছিল। ● তাই ঈশ্বর নোহকে তাঁর সাহায্যের জন্য রাখলেন। ●
ঈশ্বর নোহকে বললেন
"একটা জাহাজ নির্মাণ কর;
আমি পৃথিবীতে এক বন্যা আনবো। জাহাজে যে লোকেরা থাকবে তারা তখন রক্ষা পাবে।"



● ঈশ্বর লোকদের ভালবাসলেন এবং চাইলেন তাদের রক্ষা করতে। ● তিনি নোহকে ব্যবহার করলেন বন্যা সম্বন্ধে লোকদের সতর্ক করতে। কেবলমাত্র নোহের পরিবারের লোকেরা নোহের কথা বিশ্বাস করলো। তার স্ত্রী সন্তানরা ও তাদের স্ত্রীরা ঈশ্বরে বিশ্বাস করলো এবং নোহকে জাহাজ নির্মাণ কাজে সাহায্য করলো।



নোহ যখন জাহাজ নির্মাণ করছিলেন তখন লোকরা তাকে ঠাট্টা করছিল। তারা তাকে বললো, "তুমি একজন বোকা।" তিনি লোকদের বললেন তাদেরও উচিত ঈশ্বরের বাধ্য হওয়া। লোকেরা তাকে আরও বিদ্রূপ করতে লাগলো।

জাহাজ নির্মাণ কাজ শেষ হলে পর ঈশ্বর নোহকে বললেন, তার মধ্যে খাদ্যদ্রব্য রাখতে, যা খেয়ে জাহাজের পশু ও মানুষগুলো অন্ততঃ বেঁচে থাকতে পারবে। ঈশ্বর পশুপাখী গুলোকেও রক্ষা করতে চাইলেন। ঈশ্বর যা যা বললেন নোহও তার পরিবারের সবাই তা করলেন।

**যারা ঈশ্বরের বাধ্য**

**তাদের সবাইকে তিনি রক্ষা করেন।**

জোড়ায় জোড়ায় পশুপাখী চারিদিক থেকে চলে আসতে লাগলো বড় বড় হাতীগুলো ধাপুস ধুপুস করে, বানরগুলো কিচির মিচির করে ডাকতে ডাকতে ছোট বড় পাখীগুলোর সংগে জাহাজে ঢুকে পড়লো। কুকুর বিড়ালগুলোও একসংগে দৌড়ে গেল।
মোরগ মুরগীও বাদ পড়লো না।






নোহ তার পরিবার নিয়ে জাহাজে ঢুকলেন; পরে ঈশ্বর জাহাজের দরজা বন্ধ করে দিলেন। বৃষ্টি পড়তে শুরু করলো। বন্যা আসলো। জাহাজের বাইরে যারা ছিল, সবাই ডুবে গেল। ● ঈশ্বরকে যারা মানলো জাহাজে তারাই রক্ষা পেল। ●

**ঈশ্বর তোমাকে রক্ষা করবেন।**

পৃথিবী আবার পাপে ভরে গেছে। সকল মন্দ থেকে ঈশ্বর দূরে থাকবেন। তবে ঈশ্বর তোমাকে রক্ষা করবেন যদি তুমি তাঁকে মান। ঈশ্বরকে বল তোমাকে ও তোমার পরিবারকে রক্ষা করতে।



প্রার্থনা

(প্রভু) আমার পরিবার ও বন্ধুদেরকে সাহায্য কর যাতে তোমাকে বিশ্বাস করে ও পাপ থেকে মুক্তি পায়। আমাদেরকে সাহায্য কর তাদের মত হতে, যারা তোমার বাধ্য হয়েছিল এবং জাহাজ দেখে তার মধ্যে ঢুকেছিল।

**এবারে সপ্তম পাঠের ছাত্র রেকর্ডটি পূরণ কর।**

# ঈশ্বর তোমার যত্ন নেবেন।



**ঈশ্বর সম্বন্ধে এ বিষয়গুলি শেখ।**

যারা তার বাধ্য থাকে ঈশ্বর তাদের তত্ত্বাবধান করেন। ঈশ্বর খুশী হন যখন আমরা তাকে বলি : "প্রভু তোমাকে ধন্যবাদ।"

আমরা কৃতজ্ঞতার দান নিয়ে এসে তাকে বলি "প্রভু তোমার ধন্যবাদ হোক।"




বাইবেল থেকে এই অংশটা পাঁচবার করে জোরে পড়।

বৃষ্টি পড়লো......চল্লিশ দিন ও রাত ধরে। বন্যার জল অত্যন্ত প্রবল হলো এবং সকল উঁচু পর্বত ডুবিয়ে দিল.....কেবল নোহ এবং জাহাজে তার সংগীরা প্রাণে বেঁচে গেল। আদি......৭ : ১২,১৯,২৩

আমি আকাশে রংধনু উঠাবো যা পৃথিবীর সংগে আমার নিয়মের চিহ্ন হয়ে থাকবে। (ফলে) পৃথিবীতে আর কখনও বন্যা হবে না ও সমস্ত মানুষ আর মরবে না। আদি ৯ : ১৩,১৫

**এটা কি করতে পার ?**

সঠিক উত্তরের চার পাশে গোল চিহ্ন দাও।

১। কত দিন বৃষ্টি হয়েছিল? চার, দশ, চল্লিশ।

২। জাহাজের বাইরে কত লোক জীবিত ছিল? সকলে, দশ, একজনও না।

৩। ঈশ্বর নোহের সামনে কি চিহ্ন রাখলেন? রংধনু, তারা।

**সঠিক উত্তর**

১। চল্লিশ ২। একজনও না ৩। রংধনু



**যারা তার বাধ্য থাকে, ঈশ্বর তাদের যত্ন নেন।**

নীচে বিন্দু ● হতে ● বিন্দু পর্যন্ত শব্দগুলির নীচে দাগ দাও।

বন্যার জল উপরে উঠার সংগে সংগে জাহাজ উপরে উঠলো। পৃথিবী যে বন্যার জলে ডুবে গেল জাহাজটি সেই জলের উপরে ভাসা ছিল। ●নোহ ও তার স্ত্রী, তিন পুত্র ও তাদের স্ত্রীরা জাহাজে নিরাপদেই ছিল। ●



পশুপাখীগুলিও নিরাপদে ছিল। জাহাজে তাদের খাবার ছিল (যেমন) ঘাস, খড়কুটা, শস্যবীজ, ফলমূল, বাদাম ইত্যাদি ● ঈশ্বর ও নোহ সেই পশুপাখীদের যত্ন নিলেন। ●



চল্লিশ দিন পর্যন্ত বৃষ্টি হলো। পরে ঈশ্বর প্রবল বায়ু আনলেন যাতে পৃথিবীর জল শুকিয়ে যায় বন্যার জল আস্তে আস্তে নীচে সরে যেতে লাগলো। জাহাজটি একটি পাহাড়ের চূড়ায় স্থির হয়ে থেমে রইলো।



নোহ ও তার পরিবার ভূমি শুকনো না হওয়া পর্যন্ত জাহাজের মধ্যে রইলো। পুরো একটা বছর তারা জাহাজের মধ্যে থাকলো।
● ঈশ্বর জাহাজের মধ্যে তাদের দেখাশুনা করলেন। ●

অবশেষে পৃথিবীর জল শুকিয়ে গেল। নোহ জাহাজের দরজা খুললে পর সবাই অর্থাৎ নোহ ও তার পরিবার ও সব পশুপাখীগুলি সূর্যের আলোতে বাইরে চলে এলো।



হাতীগুলো আনন্দে ডাকতে লাগলো।
বানরগুলোও আনন্দে আগের চেয়ে জোরে কিচির মিচির করে চেঁচাতে লাগলো।
সিংহগুলো লেজ নাড়িয়ে আনন্দে গর্জাতে লাগলো। (অর্থাৎ) মনে হলো জাহাজের বাইরে এসে সবাই খুশীতে হাফ ছেড়ে বাঁচলো।

এ বিষয়টি ভেবে দেখ–
তুমি কি কখনও ঝড় তুফান দেখে ভয় পেয়েছ?
সেই অবস্থায় তোমাকে দেখার কে ছিল?
নোহের পরিবার ও পশুপাখীগুলোকে রক্ষা করতে কে সাহায্য করেছিলো?
তোমার দেখাশুনা করার জন্য তোমার পিতামাতাকে কে সাহায্য করবে?
তোমার খাবার দাবার কে জোগাড় করে দিচ্ছে?
সেই আহার যুগিয়ে দেবার জন্য তুমি কি ঈশ্বরকে ধন্যবাদ দিয়ে থাক?
বা তুমি যখন ঝড়তুফানে পড় তখন যে তিনি তোমার প্রতি খেয়াল রাখেন এবং প্রতিদিন তিনি তোমাকে নিরাপদে চালিয়ে নিয়ে যাচ্ছেন তার জন্যও কি তাকে ধন্যবাদ দিয়ে থাক?

ঈশ্বর খুশী হন যখন আমরা বলি
"প্রভু তোমাকে ধন্যবাদ।"
নোহ প্রথম যে কাজটি করলেন তা হলো
ঈশ্বরের দিকে হাত তুলে
তিনি বললেন "প্রভু তোমাকে ধন্যবাদ।"
● নোহ ঈশ্বরকে ধন্যবাদ দিলেন
যেহেতু তিনি তার পরিবার এবং সব পশুপাখীদের রক্ষা
করলেন ● নোহ ঈশ্বরকে ধন্যবাদ দিলেন নূতন এক
পবিত্র জগতে বাস করতে দেবার জন্য।
"ঈশ্বরকে ধন্যবাদ জানিয়ে" তিনি এক নৈবেদ্য উৎসর্গ করলেন।





● ঈশ্বর খুশী হলেন কারণ নোহ বললেন "প্রভু তোমাকে ধন্যবাদ।"
ঈশ্বর তার কাছে প্রতিজ্ঞা করলেন, ● "পৃথিবীকে তিনি আর
প্লাবনে ধ্বংস করবেন না। এই রংধনুই হলো
সেই প্রতিজ্ঞার চিহ্ন।
যখন তুমি রংধনু দেখবে তখন মনে রাখবে যে
● ঈশ্বর তোমার তত্ত্বাবধান করবেন। ●



আমরাও দান উৎসর্গ করে বলি "প্রভু তোমাকে ধন্যবাদ।"
আমরাও প্রভুর গৃহে আমাদের দান নিয়ে যাই।
প্রভুর উদ্দেশ্যে ধন্যবাদের ডালি নিয়ে যখন তুমি প্রার্থনা করবে
তখন এইরূপ প্রার্থনাটি কর।

প্রার্থনা
প্রভু, আমি তোমাকে ধন্যবাদ দিই;
আমার খাওয়া, পরা, থাকার জন্য,
যা প্রয়োজন তা তুমি মিটিয়ে দিচ্ছো।
আমার এই ছোট্ট দান তুমি গ্রহণ কর,
সব কিছুর জন্য তোমাকে ধন্যবাদ।



এবারে অষ্টম পাঠের ছাত্র রেকর্ডটি পূরণ কর।

নবম পাঠ

# ঈশ্বর তোমার প্রার্থনা শোনেন।



ঈশ্বর সম্পর্কে এই বিষয়গুলি শেখ–
ঈশ্বরের আর এক নাম 'সদাপ্রভূ'।
কেউ কেউ নিজেদের দেবতা তৈরী করে।
সদাপ্রভূই হলেন একমাত্র সত্যময় ঈশ্বর।
তিনি চান যেন আমরা তার কাছে প্রার্থনা করি।




বাইবেল থেকে এই অংশটি জোরে পাঁচবার পড়।

আমাদের ঈশ্বর প্রভূ একই ঈশ্বর; আর তুমি তোমার সমস্ত মন প্রাণ ও শক্তি দিয়ে তোমার ঈশ্বর প্রভূকে প্রেম করবে।
দ্বিতীয় বিবরণ ৬ : ৪–৫

এটা কি করতে পার ?
সঠিক উত্তরের নীচে দাগ দাও।

১। ঈশ্বর কি চান–তুমি কার কাছে তোমার প্রার্থনা করবে?
মানুষের তৈরী দেবতাদের কাছে না ঈশ্বর প্রভূর কাছে?

২। ঈশ্বরের প্রতি তোমার অন্তর কেমন হওয়া উচিত?
তাকে ভালবাস/তাকে ভয় কর/তাকে ভূলে যাও/

৩। ঈশ্বরের আর এক নাম কি?
.....প্রভূ/অজানা একজন/প্রধান শিক্ষক/


সঠিক উত্তর

১। ঈশ্বর প্রভু  ২। তাকে ভালবাস  ৩। প্রভু


**কেউ কেউ নিজেদের দেবতা তৈরী করে।**

নীচের বিন্দু ● হতে ● বিন্দু পর্যন্ত শব্দগুলির নীচে লম্বা দাগ দাও।

জল প্লাবনের পর নোহের ছেলেদের অনেক ছেলেমেয়ে, নাতিপুতি ও তাদেরও নাতিপুতি হল; (অর্থাৎ) পৃথিবীতে আবার অনেক লোক হয়ে গেল।



নোহ ও তার ছেলেরা লোকদের কাছে ঈশ্বরের কথা বললেন।
● কিন্তু তারা নোহের মত ঈশ্বরকে ভালবাসল না। ●
● তারা সবকিছু নিজেদের ইচ্ছামত করতে চাইলো। ●
তারা না চাইলো পিতামাতার কথা শুনতে, না চাইলো তাদের পূর্বপুরুষদের ঈশ্বরের কথা শুনতে।



নিমরোদ নামে একজন লোক নিজেকে রাজা বলে ঘোষণা করলো। লোকদের বললো যেন তারা তাকে মানে, ঈশ্বরকে নয়। ● নিমরোদ লোকদেরকে ঈশ্বরের পথ থেকে দূরে নিয়ে গেল ● ● সে লোকদের শিখালো চন্দ্র,সূর্যকে নিজেদের উপাস্য হিসাবে তৈরী করে তার কাছে প্রার্থনা করতে। ●

লোকেরা ইট তৈরী করলো যেন সে নগরে উঁচু উঁচু দালান নির্মাণ করতে পারে।

ঈশ্বর দেখলেন লোকেরা কি করছে।
তিনি জানতেন যে তারা ভুল করছে।
● কিছু সময়ের জন্য তিনি লোকদেরকে নিজ ইচ্ছামত চলতে দিলেন। ●
● পরে তিনি তাদের বাধা দিলেন। ●
তিনি আর প্লাবন আনলেন না। তিনি এক অবস্থা তৈরী করলেন যাতে লোকেরা বিভিন্ন ভাষায় কথা বলে।



লোকেরা পরস্পর কথা বলতে পারতো না। তারা একে অন্যের কথা বুঝতো না। তারা একসংগে কাজ করতে পারতো না ফলে তারা দালান নির্মাণের কাজ বাদ দিল। তারা সেই জায়গার নাম রাখল বাবিল যার অর্থ 'ভেদ'।



লোকরা বাবিল রাজ্য এবং নিমরোদকে ছেড়ে চলে গেল। তারা যে যেদিকে পারলো চলে গেল। তারা নিজেদের নগর তৈরী করলো। ● (আস্তে আস্তে) তারা সত্যময় ঈশ্বরের কথা ভুলে গেল। ●



● লোকেরা যেখানেই গেল সেখানেই তারা নিজেদের দেবতা নির্মাণ করলো। ●
ছোট বড়, কাঠের পাথরের, সোনা রূপার দেবতা বানালো।
● সেই দেবতাদের কাছে তারা তাদের প্রার্থনা উৎসর্গ করলো। ●




**সদাপ্রভুই একমাত্র সত্যময় ঈশ্বর**

লোকেরা যে দেবতা তৈরী করেছিল তারা তাদের কথা শুনতে পারত না। তাদের সংগে কথাও বলতে পারত না। সত্যময় ঈশ্বর সদাপ্রভুর মত তারা লোকদের ভালবাসতে পারত না, তারা প্রকৃত ও সত্য ঈশ্বর ছিল না।

● সদাপ্রভুই হলেন একমাত্র সত্যময় ঈশ্বর। ● তিনি মানুষের কথা শোনেন, তাদের দেখেন ও তাদের সংগে কথা বলেন। লোকেরা সেই সত্যময় ঈশ্বরকে ভুলে গিয়েছিল। কিন্তু ঈশ্বর তাদের ভোলেননি। তিনি এখনও তাদের ভালবাসেন ও সাহায্য করেন।

**ঈশ্বর তোমার প্রার্থনা শোনেন।**

একমাত্র সত্য সেই ঈশ্বরকে তুমি দেখতে পাও না কিন্তু তিনি ঠিকই তোমার সংগে সংগে আছেন। সেই সত্যময় ঈশ্বরের সংগে যখন তুমি কথা বল তখন তিনি তোমার কথা শোনেন। তিনি চান যেন তুমি তার সংগে কথা বল। তিনি তোমাকে ভালবাসেন এবং তোমাকে সাহায্য করতে চান। তোমার যা যা দরকার তার কাছে চাও।

● তিনি তোমার প্রার্থনা শুনে তার উত্তর দেবেন। ●

**এই প্রার্থনাটি শেখ–**

প্রিয়তম প্রভু, তুমি আমাকে দেখছ, ভালবেসেছ ও আমার প্রার্থনা শুনছো, কারণ তুমিই প্রকৃত ঈশ্বর; সব সময় তুমি আমার কাছে আছো। আমি কেবল তোমার কাছেই প্রার্থনা করবো। কিন্তু অন্য দেবতার কাছে না যারা আমাকে ভালবাসে না, দেখেও না ও আমার প্রার্থনা শোনে না।



**এবারে নবম পাঠের ছাত্র রেকর্ডটি পূরণ কর।**

দশম পাঠ



# ঈশ্বর তোমাকে পরিচালনা দেবেন

ঈশ্বর সম্পর্কে এই বিষয়গুলি শেখ–
ঈশ্বর আব্রাহামকে তার অনুসরণ করতে বললেন।
ঈশ্বর তাদেরই চালান ও আশীর্বাদ করেন
যারা তার অনুসরণ করে।
তিনি তার পবিত্র বই–বাইবেলের মাধ্যমে
তোমাকে পরিচালনা দিয়ে থাকেন।

বাইবেল থেকে এই অংশটি
পাঁচবার জোরে পড়।




অব্রামের পিতার মৃত্যুর পর ঈশ্বর তাকে বললেন......
তুমি সেই জায়গায় যাও যেখানে আমি তোমাকে
যেতে বলি। তুমি যদি তা কর তবে তোমার মধ্য
থেকে মহা এক জাতি তৈরী করবো এবং আশীর্বাদ দিয়ে
তোমাকে মহান করবো, তাতে তুমি আশীর্বাদের প্রতীক হবে।

আদি ঃ ১২ ঃ ১,২

এটা কি করতে পার ?
সঠিক উত্তরের পাশে গোল চিহ্ন দাও।

১। ঈশ্বর কাকে আশীর্বাদ করার প্রতিজ্ঞা করলেন?
অব্রাম/নিমরোদ/কয়িন

২। অব্রাম কাদের পিতা হবেন?
ছোট এক বংশের/মহা এক জাতির/একটি পরিবারের।

৩। তোমাকে পরিচালনার জন্য ঈশ্বর কি ব্যবহার করেন?
আকাশের তারা/বাইবেল।

সঠিক উত্তর

১। অব্রাম, ২। এক মহান জাতি, ৩। বাইবেল।

**শেখার জন্য কয়েকটি শব্দ**

অব্রাম যেখানে বাস করতেন তার নাম 'ঊর'।
যে দেশে ঈশ্বর অব্রামকে নিয়ে গেলেন তার নাম 'কনান'।

**ঈশ্বর তাঁর অনুসরণ করার জন্য অব্রামকে ডাকলেন।**

নীচে বিন্দু ● থেকে ● বিন্দু পর্যন্ত শব্দগুলির নীচে লম্বা দাগ দাও।



কিছু কিছু পরিবারের লোকেরা যারা বাবিল ছেড়ে এসেছিল তারা ঊর নগর তৈরী করেছিল। অব্রাম ঊর নগরেই জন্মগ্রহণ করেছেন। তার বাবা অনেক দেব দেবতার কাছে প্রার্থনা করেছিলেন। তার লোকেরাও দেবদেবতার কাছে প্রার্থনা করেছিল যারা দেখতে পারত না ও তাদের কথা শুনতে পারত না, ফলে তারা একমাত্র সত্যময় ঈশ্বরকে জানতে পারল না। ● তাদের কাছে বাইবেল ছিল না যে, ঈশ্বরের সত্য সম্পর্কে কেউ তাদের বলবে। ●




অব্রাম সত্যময় ঈশ্বরকে জানতেন না, কিন্ত ঈশ্বর অব্রামকে জানতেন ও ভালবাসতেন। ঈশ্বর তাকে ডেকে বললেন "তোমার বাড়ী ও দেশ ত্যাগ কর" ত্যাগ কর তোমার পিতার উপাস্য দেবতাদের ● এবং যে দেশে আমি তোমাকে নিয়ে যাই তার অনুসরণ কর। ●

যারা ঈশ্বরের অনুসরণ করে ঈশ্বর তাদের আশীর্বাদ করেন ও পরিচালনা দান করেন।
তিনি অব্রামকে প্রতিজ্ঞা করলেন "তুমি যদি আমার অনুসরণ কর আমি তোমাকে আশীর্বাদ করে মহান করবো। তোমাকে মহা এক জাতির পিতা করবো। তোমাকে আশীর্বাদ করবো ও তুমি সেই আশীর্বাদের প্রতীক হবে।"




অব্রাম জানতেন যে এক সত্যময় ঈশ্বর তাকে আহ্বান করেছেন। ● ঈশ্বর তাকে যা বললেন অব্রাম তা বিশ্বাস করলেন। ● অব্রামের স্ত্রী সারীও ঈশ্বরের প্রতিজ্ঞাকে বিশ্বাস করলেন। স্ত্রী সারীকে নিয়ে অব্রাম উর দেশ ত্যাগ করলেন। ● লোকেরা যে দেব দেবতা তৈরী করেছিল তারা তা ছেড়ে চলে গেল। ● এক সত্যময় ঈশ্বরকে তারা অনুসরণ করলো। ●



● অব্রাম এবং ঈশ্বরের মধ্যে খুব সুন্দর বন্ধু ভাব ছিল। ● অব্রাম ঈশ্বরের সংগে কথা বললেন। ঈশ্বর অব্রামের সংগে কথা বললেন। তিনি অব্রামের সংগে গিয়ে দেখালেন কোন্ পথে যেতে হবে। ● ঈশ্বর অব্রামকে কনান দেশে নিয়ে গেলেন। ●



যেখানেই অব্রাম সারীকে নিয়ে থাকতেন সেখানেই তিনি ঈশ্বরের উদ্দেশ্যে বেদী নির্মাণ করতেন। হেবল, হনোক ও নোহ যেমন ঈশ্বরের উদ্দেশ্যে বলি উৎসর্গ করলেন, অব্রামও তাই করলেন। বহুলোকদের জন্য অব্রাম ছিলেন আশীর্বাদ ও সাহায্য স্বরূপ। তিনি সত্য ও জীবন্ত ঈশ্বর সম্বন্ধে তাদের বললেন।



● ঈশ্বর সবসময় তার প্রতিজ্ঞা অনুযায়ী কাজ করেন। ● ঈশ্বর অব্রামকে আশীর্বাদ করলেন ফলে তিনি ধনী হলেন। বৃদ্ধকাল পর্যন্ত তার কোন ছেলেমেয়ে ছিল না। তথাপি তিনি ঈশ্বরের উপর বিশ্বাস হারাননি। এতে ঈশ্বর তার উপর খুশী ছিলেন।

ঈশ্বর 'অব্রাম' নাম বাদ দিয়ে তার নাম অব্রাহাম রাখলেন। অব্রাহাম মানে "অনেকের পিতা"। ঈশ্বর 'সারী' নাম বাদ দিয়ে তার স্ত্রীর নাম রাখলেন "সারা"। সারা মানে "সুন্দরীদের মাতা "পরমাসুন্দরী।" ঈশ্বর অব্রাহাম ও সারাকে এক পুত্র সন্তান দিলেন, তার নাম ইসহাক। আর তার মধ্য থেকে মহান এক জাতি তৈরী হলো।

ঈশ্বর তার বই পবিত্র বাইবেলের শিক্ষা অনুযায়ী তোমাকে চালান। বাইবেলে ঈশ্বর তোমাকে তার অনুসরণ করতে বলেন। আশীর্বাদ করে তোমাকে চালাবেন বলে তিনি প্রতিজ্ঞা করেছেন। কি করতে হবে তোমাকে তিনি তা বলে দেন।

● ঈশ্বরের অনুসরণ করলে তিনি তোমাকে স্বর্গে নেবেন। ● তোমাকে কি ফেলে যেতে হবে তা নিয়ে ভেব না কিন্তু অব্রাহামের মত তুমি ঈশ্বরের অনুসরণ কর। কি করতে হবে ঈশ্বর তোমাকে সে সব ব্যাপারে সাহায্য করবেন।

প্রার্থনা

অব্রাহাম তার দেশ বন্ধুবান্ধব ফেলে জীবনের প্রতিটি দিন তোমাকে অনুসরণ করে চলেছিল। আমাকেও সেইরকম কর (প্রভু) তোমার কাছাকাছি থেকে তোমাকে খুশী করে জীবনের প্রতিটি পথ যেন চলতে পারি।




এবারে দশম পাঠের ছাত্র রেকর্ডটি পূরণ কর।



# ঈশ্বর তার মেষশাবককে (যীশুকে) তোমার রক্ষার জন্য পাঠিয়েছেন।

ঈশ্বর সম্পর্কে এই বিষয়গুলি শেখ–
ঈশ্বর ইসহাককে রক্ষার জন্য একটা মেষ পাঠালেন। তিনি তোমাকে রক্ষা করার জন্য তার মেষশাবককে পাঠালেন। নিজ পরিত্রাণের জন্য তোমার উচিত এই মেষশাবককে গ্রহণ করা।




বাইবেল থেকে এই অংশটি পাঁচবার জোরে পড়।

ইসহাক বলল....... এই হলো আগুন ও কাঠ, কিন্তু মেষশাবক কোথায়? অব্রাহাম বললেন, বৎস হোমের নিমিত্ত ঈশ্বর নিজেই মেষশাবক জোগাড় করে দেবেন।" আদি ঃ ২২ ঃ ৭,৮ পরদিন যোহন যীশুকে নিজের দিকে আসতে দেখে বললেন, "ঐ দেখ, ঈশ্বরের মেষশাবক যিনি জগতের পাপভার নিয়ে যান।" যোহন ১ ঃ ২৯

এটা কি করতে পার ?
—(নীচে) প্রত্যেকটি প্রশ্নের উত্তর দাও।

১। কে বললো "মেষশাবক কোথায়......"

২। কে বললেন, "ঈশ্বর সেই মেষ জোগাড় করে দেবেন।"

৩। কে বললেন, "ঐ দেখ ঈশ্বরের মেষশাবক।"

## সঠিক উত্তর

১। ইসহাক বললো "মেষশাবক কোথায়?"
২। অব্রাহাম বললেন, "ঈশ্বর সেই মেষশাবক জোগাড় করে দেবেন।"
৩। যোহন বললেন, "ঐ দেখ, সেই মেষশাবক।"

**নীচের শব্দগুলি তোমার জানা উচিত**

পাপের নিমিত্ত বলিদান–একজন মানুষ বা পশু যে অন্যের পাপের জন্য শাস্তি বহন করে।

হোমবলি–একটা জীবন্ত বলি যা (ঈশ্বরের উদ্দেশ্যে) বেদীতে পোড়ানো হয়।

বেদী–একটা স্থান যেখানে দান উৎসর্গ করা হয়। অনেক বেদী আছে যা পাথরের স্তূপ দিয়ে তৈরী।

**ঈশ্বর ইসহাককে রক্ষার জন্য একটা মেষশাবক পাঠালেন।**

নীচে বিন্দু ● হতে ● বিন্দু পর্যন্ত শব্দগুলির নীচে লম্বা দাগ দাও।

একদিন ঈশ্বর অব্রাহামকে বললেন :
"তোমার পুত্র ইসহাককে নিয়ে পাহাড়ে যাও এবং তাকে আমার উদ্দেশ্যে বলি দাও।"






অব্রাহাম জানতেন না কেন ঈশ্বর তাকে এ কাজ করতে বললেন। তিনি জানতেন না যে ঈশ্বর তার ভালবাসার পরীক্ষা করছেন। ঈশ্বর এইভাবে অব্রাহাম ও ইসহাককে শিক্ষা দিলেন। ● তিনি আমাদেরও এইভাবে শিক্ষা দিচ্ছেন, কিভাবে পাপের নিমিত্ত বলি উৎসর্গ করতে হয়। ●

অব্রাহাম দুঃখিত হয়ে পাহাড়ের উপর গেলেন (কারণ) তিনি ইসহাককে ভালবাসতেন। কিন্তু অব্রাহাম ঈশ্বরের বাধ্য হলেন। ইসহাক তাকে (বেদীর) পাথরগুলো এনে সাজাতে সাহায্য করল। ইসহাক প্রশ্ন করল : "হোমবলির জন্য সেই মেষশাবক কোথায়?" অব্রাহাম উত্তর দিলেন : "ঈশ্বর নিজেই সেই মেষশাবক জুগিয়ে দেবেন।"



অব্রাহাম ও ইসহাক একটা বেদী নির্মাণ করলেন। অব্রাহাম ইসহাককে সেই বেদীর উপর রাখলেন। ইসহাককে অবশ্যই মরার জন্য প্রস্তুত হতে হচ্ছিল।

কিন্তু ঈশ্বর ইসহাককেও ভালবাসতেন। তিনি চাইলেন না ইসহাক মরুক। (তাই) তার পরিবর্তে অন্য আর একটা বলিদান তিনি করলেন।

অব্রাহাম যখন ইসহাককে বলি দেওয়ার জন্য ছুরি হাতে নিলেন। ঈশ্বর তখনই স্বর্গ থেকে অব্রাহামকে ডেকে বললেন, "অব্রাহাম! থাম! তোমার পুত্রকে তুমি আঘাত করো না! আমি তোমার ভালবাসার পরিচয় পেয়েছি।"

পরে ঈশ্বর অব্রাহামকে জংগলে আটকে পড়া একটা মেষশাবক দেখালেন। এই মেষশাবকটিকে ঈশ্বর ইসহাকের পরিবর্তে (বলিদানের জন্য) রেখেছিলেন। মেষশাবকটিকে বেদীর উপর বলি দেয়া হলো। আর ইসহাককে স্বাধীন ভাবে বেঁচে থাকার জন্য ছেড়ে দেয়া হলো।



ঈশ্বর তার পুত্র যীশুকে
তোমার রক্ষার জন্য পাঠালেন।
যে লোকেরা পাপ করে তারা স্বর্গে যেতে পারে না
মৃত্যুর পরে নরকে এক ভয়ংকর স্থানে তাদের যেতে হয়।
আমরা সবাই পাপ করেছি যার জন্য সবাইকে নরকে যেতে হবে।
কিন্তু ঈশ্বর আমাদের ভালবাসলেন তাই তিনি আমাদের
স্বর্গে নিয়ে যেতে চান। • তিনি তার পুত্রকে পাঠালেন আমাদের
হয়ে মরতে; যেমন তিনি একটি মেষশাবককে পাঠিয়েছিলেন
ইসহাকের জায়গায় মরতে • • যীশু খ্রীষ্টই ঈশ্বরের
মেষশাবক যিনি জগতের পাপভার তুলে নিলেন। •
পরে তিনি আবার জীবিত হলেন। তুমি তাকে দেখতে
পার না কিন্তু তিনি অবশ্যই জীবিত আছেন (যেহেতু)
তিনি তোমাকে ভালবাসেন, তাই তিনি
তোমাকে সাহায্য করতে চান।





ঈশ্বরের পুত্র যীশুকে তোমার অবশ্যই গ্রহণ করা উচিত।
(আগের মত) এখন আর বেদির উপর বলি উৎসর্গ করতে হবে না।
কেবলমাত্র ঈশ্বরের পুত্রকে বলিরূপে গ্রহণ করে নাও।
একমাত্র যীশু যিনি তোমাকে রক্ষা করতে পারেন,
তিনিই তোমার ত্রাণকর্তা। যীশু তোমার পাপ বহন করে নেবেন।
• যীশুকে ত্রাণকর্তা হিসাবে গ্রহণ কর এবং তিনি তোমাকে
স্বর্গে নিয়ে যাবেন। •(নীচের) এই প্রার্থনাটি বলো
এবং পরে নিজের ভাষায় প্রার্থনা কর।

## প্রার্থনা

প্রভু তোমার পুত্র যিনি আমার পাপের জন্য মরেছেন তাকে
আমি এখন গ্রহণ করছি। আমার পাপ তুলে নেবার জন্য
তুমি তাকে বলিরূপে পাঠিয়েছিলে। আমার ত্রাণকর্তা যীশুকে
পেয়ে আমি এখন স্বাধীন। প্রভু তোমাকে ধন্যবাদ দিচ্ছি
আজকের দিনে আমাকে সুরক্ষা করার জন্য।



এবারে একাদশ পাঠের ছাত্র রেকর্ডটি পূরণ কর।



# ঈশ্বর তোমাকে ক্ষমা করবেন ও সাহায্য করবেন।

ঈশ্বর সম্পর্কে এই বিষয়গুলি শেখ–
ভোজনের চেয়ে ঈশ্বরের আশীর্বাদ অনেক বড়।
ঈশ্বর যাকোবকে ক্ষমা করলেন ও আশীর্বাদ করলেন।
ঈশ্বর তোমার স্বর্গে যাবার জন্য এক পথ তৈরী করেছেন।
অন্যায় স্বীকার করতে ঈশ্বর তোমাকে সাহায্য করবেন।




বাইবেলের এই অংশটি
পাঁচবার জোরে পড়।

"আমি সদাপ্রভু......আমি তোমার সংগে আছি। যে যে স্থানে তুমি যাবে সেই সেই স্থানে তোমাকে রক্ষা করবো।" আদি ২৮ : ১৩,১৫
যীশু তাকে উত্তর দিলেন, "আমিই পথ।" যোহন ১৪ : ৬

এটা কি করতে পার ?
আগের পাঠ থেকে কিছু প্রশ্ন,
যে ক'টা পার উত্তর দাও।

১। না মরেই কে স্বর্গে গেলেন?......

২। কে জাহাজ তৈরী করলো?.......

৩। কে তার ভাইকে খুন করলো?.......

৪। ভোজনের চেয়ে কোন জিনিস বেশী প্রয়োজনীয়?.......

সঠিক উত্তর

১। হনোক  ২। নোহ  ৩। কয়িন  ৪। ঈশ্বরের আশীর্বাদ



**ভোজন পানের চেয়ে ঈশ্বরের আশীর্বাদ অনেক বড়।**

নীচে বিন্দু ● হতে ● বিন্দু পর্যন্ত শব্দগুলির নীচে লম্বা দাগ দাও।

ইসহাকের স্ত্রী ছিলেন রিবিকা। ইসহাক ও রিবিকা ঈশ্বরকে ভালবাসতেন। ঈশ্বর তাদের জমজ সন্তান দিলেন এষৌ এবং যাকোব।



এষৌ ছিলেন শিকারী যাকোবের আগে তার জন্ম হয়। ● জ্যেষ্ঠ ভাই হিসাবে ঈশ্বরের বিশেষ আশীর্বাদ পাওয়ার অধিকার ছিল তার। ● এটা সাধারণতঃ (পরিবারের) বড় ছেলেদের জন্মগত অধিকার। ● কিন্তু ঈশ্বরের বিশেষ আশীর্বাদ পাওয়ার চেয়ে ভোজন পানের দিকে এষৌর ঝোঁক বেশী ছিল ● এষৌ ঈশ্বরকে ভালবাসত না। শুধুমাত্র সে নিজের জন্যই বেশী মায়া করতো। এক বাটি রাংগা ডাল খাওয়ার বিনিময়ে এষৌ যাকোবের কাছে তার জ্যেষ্ঠ অধিকার বিক্রি করলো। অবশ্য পরে এষৌ এর জন্য খুব দুঃখ করেছিল সমস্ত ভোজন পানের চেয়ে ঈশ্বরের আশীর্বাদ অনেক বড়।

**ঈশ্বর যাকোবকে ক্ষমা করলেন ও আশীর্বাদ করলেন।**

● যাকোব তার পরিবারের বিরুদ্ধে অনেক অন্যায় করেছিল। ● সে পিতার কাছে মিথ্যা কথা বলেছে ও বড় ভাইকে ঠকিয়েছে। সে এষৌর জ্যেষ্ঠ অধিকার কিনে নিয়ে ঈশ্বরের আশীর্বাদ তার কাছ থেকে চুরি করলো। ● তবুও ঈশ্বর যাকোবকে ভালবাসলেন। ●

এষৌ যাকোবকে মেরে ফেলতে চাইলো, যাকোব বাড়ী থেকে অনেক দূরে চলে গেল। পথে ঈশ্বর স্বপ্নে যাকোবের সংগে কথা বললেন।



যাকোব স্বপ্নে দেখলো যে পৃথিবী থেকে স্বর্গে এক সিঁড়ি চলে গেছে। ঈশ্বর যাকোবকে আশীর্বাদ করবেন বলে প্রতিজ্ঞা করলেন।

যাকোব স্বপ্ন থেকে জেগে উঠে খুব খুশী হলো, কারণ তখনও তার প্রতি ঈশ্বরের ভালবাসা ছিল। • যেসব অন্যায় যাকোব তার পরিবারের বিরুদ্ধে করেছিল ঈশ্বর তা ক্ষমা করলেন। • ঈশ্বর তার সংগে থেকে সঠিক কাজ করতে তাকে সাহায্য করতেন • যাকোব জানতো যে সে যদি ঈশ্বরকে অনুসরণ করে চলে তাহলে ঈশ্বর অবশ্যই তাকে একদিন স্বর্গে নিয়ে যাবেন। •



• ঈশ্বর তোমাদের স্বর্গে নেবার জন্য এক পথ করেছেন। •
যীশুই সেই স্বর্গের পথ।
তিনি তোমার মুক্তির জন্য মরেছেন।
• জীবনের সব অবস্থায় তার অনুসরণ কর।
তিনি তোমাকে স্বর্গে নিয়ে যাবেন। •

• ঈশ্বর যাকোবের তত্ত্বাবধান করলেন। • যাকোব একজন মেষপালক হল। তার অনেক ছাগল ও ভেড়া ছিল। ঈশ্বর যাকোবকে একটি পরিবারও দিলেন।





ঈশ্বর যাকোবকে অন্যায় স্বীকার করতে সাহায্য করলেন।
পরিশেষে ঈশ্বর যাকোবকে বাড়ী ফিরে যেতে বললেন। কিন্তু এষৌ যাকোবকে মেরে ফেলতে চাইলো। এষৌ যাকোবের বিরুদ্ধে লড়বার জন্য 800 লোক নিয়ে উপস্থিত হলো।



● যাকোব ঈশ্বরের কাছে সাহায্য প্রার্থনা করলো। ●
ঈশ্বর যাকোবকে ক্ষমা করে তার নাম ইস্রায়েল রাখলেন।
● ঈশ্বর যাকোবকে সাহায্য করলেন যেন সে এষৌকে বলতে পারে যে সে তার অন্যায়ের জন্য দুঃখিত। ●
(ফলে) দুই ভাই আবার সুন্দর বন্ধুতে পরিণত হলো।

ঈশ্বর তোমাকেও অন্যায় স্বীকার করতে সাহায্য করবেন।
তুমি অন্যায় করে কখনও কি তার জন্য দুঃখ অনুভব করেছ? হয়তো তোমরা কারও সংগে খারাপ ব্যবহার করেছ তাই চাচ্ছ ঈশ্বর যেন তোমাদের ক্ষমা করেন ও আশীর্বাদ করেন। ঈশ্বরকে বলা উচিত যে তোমার অন্যায়ের জন্য তুমি দুঃখিত। তবে কারও ক্ষতি করলে তোমার অবশ্যই তাকে বলা উচিত, "ভাই আমি দুঃখিত।"
● (তাতে) ঈশ্বর তোমাকে ক্ষমা করবেন ও সাহায্য করবেন। ●
অন্যের সংগে বন্ধু হয়ে থাকতে তিনি আবার তোমাকে সাহায্য করবেন।

এই প্রার্থনাটি মুখস্ত কর–
প্রভু, আমি তোমার কাছে প্রার্থনা জানাচ্ছি যে, অন্যের প্রতি যে অন্যায় করেছি তার জন্য তুমি আমাকে ক্ষমা কর। তাদের প্রতি আমার অন্যায় স্বীকার করে আবার যেন বন্ধুভাবে থাকতে পারি সেই বিষয়ে তুমি আমাকে সাহায্য কর।



এবারে দ্বাদশ পাঠের ছাত্র রেকর্ডটি পূরণ কর।

# ঈশ্বর তোমার সংগে সংগে থাকবেন।



ঈশ্বর সম্পর্কে এই বিষয়গুলি শেখ–
যারা ঈশ্বরকে ভালবাসে তাদের ক্ষতি করবার জন্যও কিছু কিছু লোক আছে। যেখানেই যাও ঈশ্বর তোমার সংগে থাকবেন।
তোমার ভালর জন্য ঈশ্বর সব কিছু করবেন।
যারা তোমার ক্ষতি করে তাদের ক্ষমা করতে ঈশ্বর তোমাকে সাহায্য করবেন।




বাইবেল থেকে এই অংশটি পাঁচবার জোরে পড়।

যোষেফের কর্তা......তাকে কারাগারে আবদ্ধ করলেন......কিন্তু ঈশ্বর যোষেফের সংগে ছিলেন। আদি ৩৯ : ২০,২১

যোষেফ বললেন......"তোমরা আমার বিরুদ্ধে অনিষ্ট করিয়াছ বটে, কিন্তু ঈশ্বর তা মংগলের কল্পনা করেছেন। আদি ৫০ : ১৯,২০

এটা কি করতে পার ?
সঠিক উত্তরের চারপাশে গোল চিহ্ন দাও।

১। কাকে কারাগারে রাখা হয়েছিল? ইসহাক/যোষেফ/যাকোব।

২। তার সংগে কে কারাগারে ছিল? যাকোব/ইসহাক/ঈশ্বর।

৩। ঈশ্বর তোমাকে কিভাবে সাহায্য করবেন যারা তোমার প্রতি অন্যায় করে? ক্ষমা করতে/তাদের আঘাত করতে।

৪। তোমার সব ভালর জন্য কে কাজ করে থাকে? তুমি নিজে/ঈশ্বর।

## সঠিক উত্তর

১। যোষেফ  ২। ঈশ্বর  ৩। ক্ষমা করতে  ৪। ঈশ্বর




যোষেফের ভাইরা তার ক্ষতি করতে চেষ্টা করেছিল।
নীচে বিন্দু ● থেকে ● বিন্দু পর্যন্ত লম্বা দাগ দাও।
যোষেফ যাকোবের বারোজন পুত্রের একজন,
যাকে যাকোব ভালবাসতেন।
তিনি যোষেফকে সুন্দর একটা পোষাক দিলেন।
এতে তার ভাইদের হিংসা হলো ও যোষেফকে ঘৃণা করতে লাগলো।

ঈশ্বর যোষেফকে ভালবেসে তার সংগে কথা বললেন। ● স্বপ্নে তাকে দেখা দিয়ে বললেন যে সে বড় একজন শাসক হবে। ●
● ঈশ্বর যা বললেন যোষেফ তা বিশ্বাস করলেন। ●
তার এই স্বপ্নের কথা তিনি ভাইদের বললেন এতে যোষেফের ভাইরা তাকে আরও ঘৃণা করতে লাগলো।





যোষেফের ভাইরা তাকে মেরে ফেলার পরিকল্পনা করলো।
তারা তাকে বড় এক গর্তে ফেলে দিল।
পরে তাকে ক্রীতদাস হিসাবে বিক্রি করে দিল। যাকোবকে (পিতাকে) এই কথা বলে বিশ্বাস করালো যে বন্য পশু তাকে খেয়ে ফেলেছে।

ঈশ্বর যোষেফের সংগে ছিলেন।
যে লোকেরা যোষেফকে কিনেছিল তারা তাকে অনেক দূরে নিয়ে গেল। তারা ক্রীতদাস হিসাবে পটিফরের কাছে বিক্রি করে দিল।
● কিন্তু পটিফরের ঘরে ঈশ্বর তার সহায় ছিলেন। ●
সব কাজ ঠিকমত করতে ঈশ্বর তাকে সাহায্য করলেন।
ঈশ্বরের মত পটিফরও তার উপর খুশী ছিল।




পটিফরের স্ত্রী যোষেফকে পাপ কাজ করাতে চেষ্টা করলো। কিন্তু যোষেফ পাপ কাজ করলেন না কারণ তিনি ঈশ্বরকে ভালবাসতেন। পটিফরের স্ত্রী যোষেফের বিরুদ্ধে মিথ্যা কথা ছড়ালো। ফলে পটিফর যোষেফকে জেলে দিলো।

● কিন্তু ঈশ্বর যোষেফের সংগে ছিলেন। ●



**ঈশ্বর সব কিছু ভালোর জন্য করেন।**
একদিন রাজা যোষেফকে ডেকে পাঠালেন। ঈশ্বর স্বপ্নে রাজার মনের মধ্যে কথা বললেন। কিন্তু রাজা এর অর্থ বুঝলেন না। ঈশ্বর যোষেফকে স্বপ্নের অর্থ বলে দিলেন। দেশে সাত বছর ধরে ভাল ফসল হবে, এর পরের সাত বছর কোন ফসল হবে না ফলে দুর্ভিক্ষ হবে। যোষেফ এই স্বপ্নের অর্থ রাজাকে বলে দিলেন।

(পরে) রাজা যোষেফকে শাসনকর্তা বানালেন। সাত বছরে প্রচুর ফসল ঘরে আসলো। যোষেফ অতিরিক্ত ফসলগুলো গোলায় জমা করলেন। (পরের) সাত বছরে দুর্ভিক্ষ নেমে এলো। লোকেরা যোষেফের কাছে খাদ্যের জন্য এলো। ঈশ্বর যোষেফকে (এই ভাবে) অনেক লোকের প্রাণ বাঁচাতে সাহায্য করলেন।



**ঈশ্বর যোষেফকে তার ভাইদের ক্ষমা করতে সাহায্য করলেন।**
যোষেফের ভাইরা খাদ্যের জন্য আসলো।
● ঈশ্বর যোষেফকে সাহায্য করলেন তার ভাইদের অপরাধ ক্ষমা করতে। ●
যোষেফ তাদের ভালবাসলেন এবং ভাল খেতে দিলেন, ও থাকার জন্য ভাল জায়গা দিলেন। ● সব কিছুর জন্য যা ভাল ঈশ্বর তাই করলেন। ● তোমাদের সামনে যাই ঘটুক না কেন সর্বদা ঈশ্বরকে ভালবাসবে ও তার কাছে প্রার্থনা করবে। ● যারা তোমাদের ক্ষতি করে তাদের ক্ষমা করো। ঈশ্বর তোমার সহায় থেকে সব কিছু করবেন। ●

এই পাঠগুলো থেকে নিশ্চয়ই অনেক কিছু শিখেছ। তুমি জেনেছ ঈশ্বর কিভাবে তোমাকে ভালবাসেন। তুমি জেনেছ ঈশ্বর কত বড় ও মহান। ঈশ্বর তোমাকে সৃষ্টি করেছেন যেন তুমি তার মত হও। ঈশ্বর মহান, তাই তিনি চান তার সন্তানরাও যেন সে রকম হয়। তিনি চান অন্যের প্রতি যেন তোমার দয়া থাকে। তোমার পাপের মুক্তির জন্য তিনি তার মেষশাবক যীশুকে পাঠালেন। তিনি তোমাকে ক্ষমা ও আশীর্বাদ করতে চান।





ঈশ্বর চান যেন তুমি তার সংগে স্বর্গে বাস করতে পার। যেখানেই যাও সেখানেই তিনি তোমাদের তত্ত্বাবধান করবেন। তিনি চান যেন তুমি তার কাছে প্রার্থনা কর, অন্য কোন দেবতার কাছে নয়। ঈশ্বর চান তুমি তার অনুসরণ কর। তিনি সর্বদা সত্যের অনুরাগী। তুমি যদি তাকে ভালবেসে তার বাধ্য থাক তাহলে তিনি তোমার জন্য যা মংগল তাই-ই করবেন। প্রতিদিন তুমি যখন তার সংগে পথ চল ও কথা বল তখন তিনি তোমাকে আশীর্বাদ করেন।

## প্রার্থনা

প্রভু, আমি জানি বাইবেলের শিক্ষার মধ্য দিয়ে তুমি আমার সংগে কথা বল। তুমি যোষেফের তত্ত্বাবধান করেছ। অব্রাহামকে আশীর্বাদ করেছ। তুমি আদমও নোহের সংগে চলেছ, কথা বলেছ। তুমি আমাকে ভালবাস। আমি যেখানেই যাই সেখানেই তুমি আমার সংগে আছো। যাকোবের পাপ যেমন ক্ষমা করেছ, তেমন তুমি আমার পাপ ক্ষমা করেছ। ইসহাকের মত তোমার মেষশাবকের মৃত্যু দ্বারা আমি রক্ষা পেয়েছি। হনোকের মত তুমি আমাকে স্বর্গে নিয়ে রাখবে। আমি তোমার সন্তান, যেখানেই আমি যাব তোমাকে ভালবাসবো।



এবারে ত্রয়োদশ পাঠের ছাত্র রেকর্ডটি পূরণ কর।

চতুর্দশ পাঠ



# ঈশ্বরকে তুমি আরও ভালভাবে জানতে পার।

**ঈশ্বর সম্পর্কে এই বিষয়গুলি শেখ–**

বাইবেল পড়ে তুমি ঈশ্বরকে আরও ভালভাবে জানতে পারবে।
যীশুই তোমাকে সাহায্য করবেন ঈশ্বর সম্পর্কে ভালভাবে জানতে।
ঈশ্বরের আত্মার সাহায্যে তুমি তাকে ভাল করে জানতে পারবে।
ঈশ্বরের লোকদের মাধ্যমে তুমি তাকে জানতে পারবে।
স্বর্গে গিয়ে তুমি তাকে আরও গভীরভাবে জানতে পারবে।




বাইবেল থেকে এই অংশটি
পাঁচবার জোরে পড়

আমরা জানি যে ঈশ্বরের পুত্র এসেছেন এবং আমাদের এমন বুদ্ধি দিয়েছেন যাতে সেই সত্যময় ঈশ্বরকে জানি। ১ যোহন ৫ ঃ ২০। কারণ ঈশ্বর জগৎকে এমন প্রেম করিলেন যে তার একজাত পুত্রকে দান করিলেন, যেন সে কেহ তাহাতে বিশ্বাস করে সে বিনষ্ট না হয় কিন্তু অনন্ত জীবন পায়। যোহন ৩ ঃ ১৬।

**এটা কি করতে পার?**

দাগ টেনে বাঁ দিকের লাইনের সংগে ডান দিকের লাইনের মিল দেখাও।

| | |
|---|---|
| ১। ঈশ্বরের পুত্র হলেন ● | ● তোমাকে সাহায্য করবে তাকে জানতে। |
| ২। ঈশ্বর ভালবাসলেন ● | ● অনন্ত জীবন পাবে। |
| ৩। প্রত্যেকে যারা খ্রীষ্ট যীশুতে বিশ্বাস করে ● | ● প্রভু যীশু খ্রীষ্ট। |
| ৪। ঈশ্বরের আত্মা ● | ● জগৎকে। |

| | |
|---|---|
| ১। ঈশ্বরের পুত্র হলেন | তোমাকে তাকে জানতে সাহায্য করবেন। |
| ২। ঈশ্বর ভালবাসেন | অনন্ত জীবন পাবে। |
| ৩। প্রত্যেকে যারা খ্রীষ্ট যীশুকে বিশ্বাস করে | প্রভু যীশু খ্রীষ্ট |
| ৪। ঈশ্বরের আত্মা | জগৎকে |


**বাইবেল পড়ে তুমি ঈশ্বর সম্বন্ধে**
**আরও ভালভাবে জানতে পারবে।**

বাইবেল তোমাকে ঈশ্বর সম্বন্ধে অনেক কিছু শিক্ষা দেয়।
প্রতিদিন বাইবেল পড় যাতে ঈশ্বর সম্বন্ধে আরও ভালভাবে জানতে পার।
● (বাইবেলের) পবিত্র বাক্যের মধ্য দিয়ে ঈশ্বর তোমার সংগে কথা বলবেন। ●

# ঈশ্বর


**যীশু তোমাকে সাহায্য করবেন ঈশ্বর সম্বন্ধে ভালভাবে জানতে।**

● ঈশ্বরের মধ্যে তিন ব্যক্তি আছেন যারা হলেন– পিতা ঈশ্বর, পুত্র যীশু এবং পবিত্র আত্মা। ● তাদের একজন যদি তোমার মধ্যে থাকেন তাহলে মনে করো তিনজনই আছেন। ● যীশু মানুষ হলেন যেন আমরা ঈশ্বরকে জানতে পারি। ● যীশুর মা মরিয়ম একজন সৎ মহিলা। মরিয়মের স্বামীর নাম ছিল যোষেফ। কিন্তু যোষেফ যীশুর বাবা ছিলেন না। যীশুর বাবা ছিলেন ঈশ্বর।






● যীশুর জন্ম হলে দূতেরা ঈশ্বরের উদ্দেশ্যে গান গেয়েছিলেন। ● তারা ক'জন রাখালকে সংবাদ দিয়েছিল, যে মুক্তিদাতা জন্মেছেন। রাখালরা যীশুকে দেখে আনন্দিত হয়েছিল। ঈশ্বর তার পুত্রকে তাদের মুক্তিদাতা হিসাবে পাঠালেন। ● তার পুত্রের মাধ্যমে ঈশ্বর মানুষের মধ্যে বাস করতে চাইলেন। ●



● যীশু বড় হলে পরে লোকদের কাছে ঈশ্বর সম্বন্ধে বললেন। তিনি তাদের দেখালেন ঈশ্বর তাদের জন্য কি করতে চান। ● তিনি অন্ধের চোখ ভাল করে দিলেন। তিনি অসুস্থ, খোঁড়া ও বধির লোকদের সুস্থ করলেন।
তিনি দুঃখীকে সুখী করলেন ও খারাপ লোককে ভাল করলেন। এমনকি তিনি মৃত লোককে জীবন দিলেন। তিনি সব কিছু করলেন যা ঈশ্বর তাকে বলেছিলেন।

● যীশু ক্রুশে মরলেন আমাদের পাপ থেকে বাঁচাবার জন্য। ● তাকে কবর দেয়া হলো বটে কিন্তু তিনি আবার জীবিত হলেন। পরে তার সংগীরা তাকে স্বর্গে যেতে দেখল।
● যারা তাকে ভালবাসে তাদের জন্য তিনি আবার আসবেন–বিশেষ করে যারা তাকে ত্রাণকর্তা হিসাবে গ্রহণ করেছে। ●
যারা মরেছে তারা আবার জীবিত হবে।
● যীশু আমাদেরকে তার সংগে স্বর্গে নেবেন। ●





ঈশ্বরের আত্মা তাঁর সম্বন্ধে আরও ভালভাবে জানতে সাহায্য করবেন।

ঈশ্বর তার আত্মাকে পাঠালেন মানুষের মাঝে বাস করার জন্য। পবিত্র আত্মার মাধ্যমে যীশুও তোমার মধ্যে আছেন। ● প্রার্থনার মাধ্যমে ঈশ্বরের আত্মা তাঁর সংগে কথা বলতে তোমাদের সাহায্য করেন। ● ঈশ্বরের কথা বলে তুমি তাঁর সম্বন্ধে আরও ভালভাবে জানতে পারবে। ● পবিত্র আত্মাকে বল যেন তিনি তোমার মধ্যে এসে বাস করেন। ●(সেই আত্মা) তোমাকে সাহায্য করবেন ঈশ্বরের উদ্দেশ্যে জীবন যাপন করতে ও তার সম্বন্ধে ভালভাবে জানতে।

ঈশ্বরের লোকেরা তাঁর সম্বন্ধে ভালভাবে জানতে তোমাকে সাহায্য করবেন। ঈশ্বর চান যেন তার লোকদের মাধ্যমে অন্য লোকরা তার সম্বন্ধে জানুক। যীশুকে যারা জানে তারাই যেন অন্য লোকদের কাছে ঈশ্বর সম্বন্ধে বলে। তারা (ঈশ্বরের লোকরা) একত্রে বসে ঈশ্বরের বাক্য পড়ে তা ধ্যান করবে ও তার কাছে প্রার্থনা করবে; (যেন) তারা লোকদের কাছে বলতে পারে ঈশ্বর তাদের জন্য কি করেছেন। ● ঈশ্বরের লোকদের সংগে মেলামেশা কর যাতে তাদের কাছ থেকে ঈশ্বর সম্বন্ধে আরও বেশী জানতে পার। ● ঈশ্বর সম্বন্ধে তুমি যা জান তোমার বন্ধুদের তা বল যেন তারা রক্ষা পায় ও স্বর্গে যেতে পারে। ●






স্বর্গে গিয়ে তুমি ঈশ্বর সম্বন্ধে আরও ভালভাবে জানতে পারবে। তুমি স্বর্গে গিয়ে ঈশ্বরকে দেখতে পাবে, শুনতে পারবে তিনি তোমার সংগে কথা বলছেন। ● এখন তুমি এখানে যা বুঝতে পারছো না তখন সেখানে গিয়ে আরও অনেক কিছু জানতে পারবে। ● তুমি তখন জানবে যে ঈশ্বর কত আশ্চর্য ও মধুর। তখন ঈশ্বর সম্বন্ধে ভালভাবে জেনে আরও তাকে ভালবাসবে এবং চিরকাল তাঁর সংগে বাস করবে।

## প্রার্থনা

প্রভু তোমাকে ধন্যবাদ যে তুমি আমাকে ভালবাস। একদিন আসবে যখন তোমার শ্রীমুখ আমি দেখতে পাব। হে পিতা ঈশ্বর; পুত্র (ঈশ্বর) ও পবিত্র আত্মা ঈশ্বর তুমি আমার অন্তরে এসে বাস কর। আমার বন্ধুদের কাছে তোমার সম্বন্ধে বলতে আমাকে সাহায্য কর। আমি প্রার্থনা করি তোমাকে জানার জন্য তাদেরও তুমি সাহায্য কর যাতে আবার যখন তুমি আসবে তখন তোমার সংগে তারা স্বর্গে যেতে পারে।



এবারে চতুর্দশ পাঠের ছাত্র রেকর্ডটি পূরণ কর।

সংশোধনী ঃ

বইয়ের ২৪ পৃষ্ঠায় শেষের চতুর্থ লাইন এইভাবে পড়তে হবে; যথা

"তারা ছাগল, ভেড়া প্রভৃতি পালন করতো যেন দুধ, মাখন
ও কাপড় চোপড় সেগুলো থেকে পেতে পারে।"

